# সকল বোর্ডের
# শীর্ষস্থানীয় কলেজসমূহের প্রশ্নপত্র

SURE SUCCESS

# মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) উদাহরণসহ 'এ' ধ্বনির সংবৃত ও বিবৃত উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অকৃতজ্ঞ, অদ্বিতীয়, ঋগ্বেদ, ঐশ্বর্য, চর্যাপদ, আহ্বান, প্রজ্ঞা, প্রায়শ্চিত্ত।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের আধুনিক নিয়ম অনুসারে তৎসম শব্দের যেকোনো **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
ঐক্যমতা, দূরাবস্থা, সখ্যতা, নুন্যতম, শিরোচ্ছেদ, শুশ্রুষা, সম্বর্ধনা, সুস্বাগত।

৩। (ক) যোজক কাকে বলে? উদাহণসহ যোজকের শ্রেণিবিন্যাস আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
- i) <u>তুমি</u> যে আমার কবিতা।
- ii) চলো <u>কোথাও</u> একটু ঘুরে আসি।
- iii) রিয়াদ <u>ও</u> রহিম দুই ভাই।
- iv) <u>ভালো</u> বাসা সবাই পায় না।
- v) <u>হে বন্ধু</u>, বিদায়।
- vi) <u>যেমন</u> কর্ম <u>তেমন</u> ফল।
- vii) দুঃখ <u>বিনা</u> সুখ লাভ হয় কী মহিতে?

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নাই; কিন্তু অর্থদ্যোতকতা আছে।"– উপসর্গের সংজ্ঞার্থ উল্লেখপূর্বক উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
দম্পতি, আমরা, তিমিরবিদারী, নবপৃথিবী, মৃদুমন্দ, শতাব্দী, মৌমাছি, প্রভাত।

৫। (ক) বাক্য বলতে কী বোঝ? একটি সার্থক বাক্য গঠনে কী কী গুণ বা বৈশিষ্ট্য থাকা প্রয়োজন? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
- i) অনুগ্রহ করে পরিষ্কার করে বলুন। (যৌগিক)
- ii) একদিনতো মরতে হবেই। (প্রশ্নবোধক)
- iii) যারা পরিশ্রমী তারা পরীক্ষায় ভালো করে। (সরল)
- iv) আমি আশায় রইলাম। (অস্তিবাচক)
- v) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)
- vi) সে সুন্দর গান গায়। (বিস্ময়সূচক)
- vii) মেঘ হলে বৃষ্টি হয়। (জটিল)
- viii) তোমার এরূপ ব্যবহার অনুচিত। (নেতিবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
- i) ইহার আবশ্যক নাই।
- ii) আজীবন ধরে তোমার অপেক্ষায় থাকবো।
- iii) তার দু'চোখ অফজলে ভেসে গেল।
- iv) অধ্যক্ষ সাহেব স্বপরিবারে কক্সবাজারে বেড়াতে গেছেন।
- v) বিদ্যানকে সকলে শ্রদ্ধা করে।
- vi) দৈন্যতা প্রশংসনীয় নয়।
- vii) পরবর্তীতে এ বিষয়ে কথা হবে।
- viii) শুধুমাত্র টাকার জোরে সব হয় না।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
এখন হেমন্তকাল, মুষলধারে দেখ হচ্ছে। আজ ক্লাসে যেতে হবে না, তাই বকুল আনন্দিত চিত্তে কাথামুড়ি দিয়ে শয়ন করে আছে। বকুলে মা চিতই পিঠা রান্না করে তাকে খাইতে ডাকলেন।

## খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Endorsement. Feudal, Horticulture, Transparency. Axis, Green Room, Dual, Up-to-date, Deputation, Racism, Payee, Memorandum, Ethics.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
The National Flag is in bottle green and rectangular in size in the proportion of length to width 5 : 3 bearing a red circle on the body of the green, the red circle has a radius of one-fifth of the length of the flag. The background green symbolizes the greenery and the youthfulness. The red disc represents the rising sun of independence after the dark night of a blood-drenched struggle.

৮। (ক) বৃক্ষরোপণ অনুষ্ঠানের বর্ণনা দিয়ে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) মনে কর, তুমি জাতীয় দৈনিক ইত্তেফাকের টাঙ্গাইলের প্রতিনিধি। তোমার এলাকায় অতিমাত্রায় শব্দদূষণ সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) মোবাইল ফোনে অনলাইন গেমের অপকারী দিকগুলি উল্লেখ করে তোমার বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো বণিজ্যিক প্রতিষ্ঠানে এক্সিকিউটিভ পদে নিয়োগের জন্য চাকরির আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
প্রকৃত জ্ঞানের স্পৃহা না থাকলে শিক্ষা ব্যর্থতায় পর্যবসিত হয়। তখন পরীক্ষায় পাশটাই বড় হয় এবং পাঠ্যপুস্তকের পৃষ্ঠায় জ্ঞান সীমাবদ্ধ থাকে। এই কারণেই পরীক্ষায় পাশ করা লোকের অভাব নেই আমাদের দেশে, কিন্তু অভাব আছে জ্ঞানীর। যেখানেই পরীক্ষা-পাশের মোহ তরুণ ছাত্রছাত্রীদের উৎকণ্ঠিত রাখে, সেখানেই জ্ঞান নির্বাসিত জীবনযাপন করে। একটি স্বাধীন জাতি হিসেবে জগতের বুকে অক্ষয় আসন লাভ করতে হলে জ্ঞানের প্রতি তরুণ সমাজকে অনুপ্রাণিত করতে হবে। সহজ লাভ আপাতত সুখের হলেও পরিণামে কল্যাণ বহন করে না। পরীক্ষা পাশের মোহ থেকে মুক্ত না হলে তরুণ সমাজের সামনে কখনোই জ্ঞানের দিগন্ত উন্মোচিত হবে না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
"সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।"

১১। (ক) 'নিরাপদ খাদ্য চাই' বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প রচনা কর :
স্কুলে নয়নের তখন টিফিন চলছে। গেটের বাইরে কী যেন গোলমাল। বাইরে বেরিয়ে দেখে ছাত্ররা দিগ্বিদিক ছুটছে...

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
- (ক) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ ও এর ব্যবস্থাপনা;
- (খ) চব্বিশের গণঅভ্যুত্থান;
- (গ) আধুনিক তথ্য-প্রযুক্তি ও বাংলাদেশ;
- (ঘ) পরিবেশ দূষণ ও এর প্রতিকার;
- (ঙ) স্বদেশপ্রেম।

# ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অলি, কাজল, দৈব, এখন, অতঃপর, নদী, ক্ষমা, শ্মশান।

২। (ক) বাংলা একাডেমির প্রমিত বাংলা বানানের যেকোনো **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
অনুকুল, উচ্ছাস, নিশিথ, পৈত্রিক, স্বত্ত্ব, মহত্ব, সন্ত্রাসি, স্বকাতর।

৩। (ক) কর্মপদের ভূমিকা অনুসারে ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নলিখিত অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ চিহ্নিত কর :
সব সন্তানের কাছেই বাবা একজন ভালো মানুষ। সমাজে মন্দ মানুষও আছে। যেহেতু সমাজের প্রায় সব পুরুষ মানুষই কারও বাবা, তাই সব বাবাই মানুষ হিসেবে ভালো নয়। বাবাদেরকে সংসারের বাইরের দায়িত্বও সততার সাথে পালন করতে হবে, হতে হবে দায়িত্বিবান মানুষ।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে"—প্রমাণ কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
শ্রমলব্ধ, জাদুকর, ঘোড়ারডিম, অল্পপ্রাণ, বিমনা, শশব্যস্ত, জীবননদী, হরতাল।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক। উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) মানুষ হও। (প্রশ্ন)
ii) আসতে পারি? (নির্দেশাত্মক)
iii) আমাদের উচিত দেশকে ভালোবাসা। (অনুজ্ঞাবাচক)
iv) ছাত্রটি খাওয়া শেষ করে স্কুলে গেল। (জটিল)
v) যদি চেষ্টা কর, তবে সব পাবে। (যৌগিক)
vi) এই জন্যই তোমাকে সকলে প্রিয়ংবদা বলে। (নেতিবাচক)
vii) ভারি চমৎকার দৃশ্য। ( বিস্ময়বোধক)
viii) কাজ কর, না হয় বিশ্রাম নাও। (সরল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) অশ্রুজলে বুক ভেসে গেল।
ii) আমার আর বাঁচিবার স্বাদ নাই।
iii) এটি একটি লজ্জাষ্কর ব্যাপার।
iv) কালীদাস বিখ্যাত কবি।
v) নিরোগ লোক আসলে সুখী।
vi) মেয়েটি বিদ্যান।
vii) শুধুমাত্র তুমি গেলেই হবে।
viii) অতিশয় দুঃখিত হলাম।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
দারিদ্র্যতা আজ আর বাংলাদেশের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশালী। কেবলমাত্র দুর্নীতিই আমাদের পেছনে টানে। এ থেকে মুক্তির পাশাপাশি জাতীয় জীবনের সর্বক্ষেত্রে কৃচ্ছতা সাধন প্রয়োজন। প্রয়োজন দলমত নির্বিশেষ সখ্যতাও।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Acting, Brand, Copyright, Deputation, Embargo, Forecast, Gunny, Hygiene, Judgement, Lien, Manuscript, Nursery, Parole, Public works, Rank.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lessons interesting. He keeps pupils and students awake. He also makes them confident and proves them clever.
Everybody has something valuable in him. A good teacher discovers the treasure hidden inside each student.

৮। (ক) অভিভাবক সাক্ষাৎকার দিবসের ওপর একটি দিনলিপি প্রস্তুত কর। ১০

অথবা, (খ) 'মাদকাসক্তির প্রভাব ও প্রতিকার' বিষয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) বড় বোনের বিয়েতে নিমন্ত্রণ জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি প্রেরণ কর। ১০

অথবা, (খ) মাধ্যমিক স্কুলের সহকারী শিক্ষকের শূন্য পদে চাকরির আবেদন রচনা কর।

১০। (ক) সারমর্ম লেখ : ১০
লক্ষ লক্ষ হা-ঘরে দুর্গত
ঘৃণ্য যম-দূত-সেনা এড়িয়ে সীমান্তপারে ছোটে,
পথে পথে অনশনে অন্তিম যন্ত্রণা রোগে ত্রাসে
সহস্রের অবসান, হন্তারক বারুদে বন্দুকে
মূর্ছিত-মৃতের দেহ বিদ্ধ করে, হত্যাব্যবসায়ী
বাংলাদেশ ধ্বংস-কাব্যে জানে না পৌছল জাহান্নামে এ জন্মেই;
বাংলাদেশ অনন্ত অক্ষত মূর্তি জাগে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
কীর্তিমানের মৃত্যু নেই।

১১। (ক) ফিলিস্তিন-সংকট বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প লেখ :
আজ সন্ধ্যায় হঠাৎই আকাশ কালো মেঘে ছেয়ে গেল...

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) সময়ানুবর্তিতা;
(খ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;
(গ) বাংলাদেশের পর্যটন শিল্প;
(ঘ) ১৯৫২ : একটি আত্মমর্যাদার বছর;
(ঙ) ইন্টারনেট ও আজকের বিশ্ব।

# ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) ‘এ’ ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
ঐকতান, শ্লেষ্মা, প্রশ্ন, জিহ্বা, নিঃশর্ত, ধন্যবাদ, দ্রষ্টব্য, অতীত।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অ-তৎসম শব্দের বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
বাল্মিকি, ইতিপূর্বে, জাজ্জল্যমান, মুহুমুহু, শিরচ্ছেদ, নিষিথিনি, প্রাণীবিদ্যা, ফটোষ্ট্যাট।

৩। (ক) সংজ্ঞা ও উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
i) <u>বুঝিয়াছিলাম</u> মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।
ii) অপরের <u>ক্ষুদ্র</u> <u>ক্ষুদ্র</u> দুঃখ তুমি দূর কর।
iii) <u>ইট বসানো</u> রাস্তা দিয়ে রবিন বাড়ি ফিরছিল।
iv) মসজিদেরই পাশে <u>আমায়</u> কবর দিয়ো ভাই।
v) অনুভূতির কান <u>দিয়ে</u> সে গান শুনতে হয়।
vi) <u>বিপদ</u> কখনো একা আসে না।
vii) আমাদের সমাজ <u>আর</u> ওদের সমাজ এক রকম নয়।
viii) আমীর একটি <u>সমিতির</u> সদস্য।

৪। (ক) **পাঁচটি** করে উপসর্গের প্রয়োগ দেখিয়ে দুইটি করে শব্দের উদাহরণ দাও। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
রুদ্রমূর্তি, শয়নকক্ষ, ষড়ঋতু, সুহৃদ, হররোজ, মৃত্যুঞ্জয়, ভাষাতত্ত্ব, পৃষ্ঠপ্রদর্শন।

৫। (ক) বাক্য কাকে বলে? অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) আমি যে গান গাই তাহা সাম্যের গান। (সরল)
ii) আমার নিবাস নাই। (জটিল)
iii) কিন্তু বরফ গলিল না। (অস্তিবাচক)
iv) তুমি অধম বলে আমি উত্তম হবো না কেন? (যৌগিক)
v) আইন মেনে চলা কর্তব্য। অনুজ্ঞা)
vi) তাদের গ্রামে আসা চলে না। (প্রশ্নবোধক)
vii) পৃথিবী ক্ষণস্থায়ী। (নেতিবাচক)
viii) আমি তোমার সফলতা কামনা করি। (প্রার্থনা)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) সকল সদস্যগণকে অভিনন্দন জানাচ্ছি।
ii) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ন বাজানো নিষেধ।
iii) শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলী অর্পণ করব।
iv) এখানে প্রবেশ নিষেধ।
v) কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।
vi) আদ্যান্ত শুনিয়া তিনি চমকিয়া উঠিলেন।
vii) পুত্রের অধগতি দেখে পিতা খুব ব্যাথিত হলেন।
viii) বাংলা বানাণ আয়ত্ব করা বেশ কঠিন।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
নিরভ ভাষায় বৃক্ষ আমাদের স্বার্থকের গান গেয়ে শোনায়। অনুভুতীর কান দিয়ে সে গান শুনতে হয়। বৃক্ষের অংকুরিত হওয়া থেকে ফলমান হওয়া পর্যন্ত সেখানে কেবলই বৃদ্ধির ইতিহাস।

## খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Lease, Grade, Forecase, Endorsement, Insurance, Highway, Analysis, Burea, Cargo, Credit, Dialect, Rural, Sponsor, Trial, Witness.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Mother tongue is deeply rooted in one's mind from the very beginning. In fact, the mother tongue is related to our lives and thoughts. Without the development of one's own language, it is difficult to acquire a foreign language. He who has more command over his mother tongue; it is possible for him to gather more experience on a foreign language. It is the greatest contribution of native language.

৮। (ক) একটি বৈশাখী মেলা দেখার অনুভূতি ব্যক্ত করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বিষয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) পহেলা ফাল্গুনের শুভেচ্ছা জানিয়ে তোমার বন্ধুকে ই-মেইল প্রেরণ কর। ১০

অথবা, (খ) প্রভাষক পদে চাকরির জন্য আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

“কহিলা বীরেন্দ্র বলী,– ধর্ম পথগামী,
হে রাক্ষসরাজানুজ, বিখ্যাত জগতে
তুমি,– কোন ধর্মমতে, কহ দাসে শুনি
জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি– এ সকলে দিলা
জলাঞ্জলি? শাস্ত্রে বলে, গুণবান যদি
পরজন গুণহীন স্বজন, তথাপি
নির্গুণ স্বজন শ্রেয়ঃ পরঃপরঃ সদা।”

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

১১। (ক) ‘নিরাপদ সড়ক চাই’ বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিম্নোক্ত ইঙ্গিত ‘অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর :
এখন শীতকাল, চারিদিকে ঘন কুয়াশা। তাই বাবুল আনন্দচিত্তে কাথামুড়ি দিয়ে শুয়ে আছে। বাবুলের মা চিতইপিঠা বানিয়ে তাকে খেতে ডাকলেন। কিন্তু .........

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) মাদকাসক্তির কারণ ও তার প্রতিকার;
(খ) মুক্তিযুদ্ধের চেতনা ও আমাদের দেশপ্রেম;
(গ) দ্রব্যমূল্য বৃদ্ধি ও জনজীবন;
(ঘ) ইন্টারনেট এবং আজকের বাংলাদেশ;
(ঙ) নারীশিক্ষার গুরুত্ব।

# রাজশাহী ক্যাডেট কলেজ

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ বাংলা উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
নদী, ছাত্র, অক্ষর, অবিশ্বাস, ঐকতান, স্মরণীয়, গ্রাহ্য, উদাহরণ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
নুন্যতম, দুরাবস্থা, উজ্জ্বল, হিনমন্যতা, মুমুর্ষু, শশ্মান, সান্তনা, ইতিমধ্যে।

৩। (ক) বিশেষ্য পদ কত প্রকার ও কী কী? উদহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ নির্বাচন কর :
সকালে মা তার ঘুমন্ত শিশুকে জাগিয়ে গরম দুধ খাওয়ালেন। এরপর আড়াই বছরের অবুঝ শিশুটিকে নিয়ে বাগানে লাল লাল ফুল দেখালেন। সদ্যজাত ফুলগুলো ছিল চমৎকার। ঝকঝকে রোদে পরিবেশও ছিল সুখকর।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে।' – ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
চিরসুখী, পলান্ন, বিশালাক্ষী, দেশান্তর, সাত-সতেরো, যথাবিধি, সপ্তর্ষি, মুখচন্দ্র।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি আদর্শ বাক্যের কয়টি গুণ থাকা আবশ্যক তা উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে। (নেতিবাচক)
ii) বিদ্বান হলেও তার অহংকার নেই। (যৌগিক)
iii) কীর্তিমানের মৃত্যু নেই। (জটিল)
iv) যা বার্ধক্য, তাকে সবসময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (সরল)
v) তারা নিয়মিত শিক্ষার্থী নয়। (অস্তিবাচক)
vi) সদা সত্য বলা উচিত। (অনুজ্ঞা)
vii) দৃশ্যটি বড়ই সুন্দর। (বিস্ময়সূচক)
viii) সরস্বতী বর দেবেন না। (প্রশ্নবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) তিনি স্বপরিবারে ঢাকায় থাকেন।
ii) তিনি আদালতে সাক্ষী দেবেন।
iii) এ সংবাদে সন্তোষ হলাম।
iv) আগত শনিবার তারা যাবে।
v) আমি অপমান হয়েছি।
vi) ছেলেটি ভয়ানক মেধাবী।
vii) গাছে কাঁঠাল মাথায় তেল।
viii) শুধুমাত্র সেই পারবে এ কাজটি করতে।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
রাত জেগে ফেইসবুক দেখে অনেক ছাত্ররা নিজেদের শরীরের ক্ষতি করছে। এতে তারা যেমন মানসিক দৌর্বল্যতায় ভুগছে তেমনি পড়াশুনায় হচ্ছে অমনোযোগি। তাছাড়া আবশ্যকীয় প্রস্তুতির অভাবে কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করতে না পেরে অনেকে চোখে সর্ষে পুষ্প দেখে।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Plosive, Sabotage, Dialect, Legend, Copyright, Lien, By-election, Leap year, Bail, Census, Hostage, Subsidy, Phonetics, Cabinet, Agenda.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Words have a lot of power. They can help or hurt, bless or curse. Unkind words do a lot of harm, but kind words do a lot of good. We can spoil friend's happiness by an unkind word, but cheer up a sad heart with a kind word which costs nothing. A kind word is often more welcome than a costly present.

৮। (ক) বার্ষিক বনভোজন শেষে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) মনে কর, তুমি একজন সাংবাদিক। রাজশাহী অঞ্চলে শীতের প্রকোপ সম্পর্কে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) ৩৬ জুলাইয়ের বর্ণনা দিয়ে প্রবাসী বন্ধুকে বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো বেসরকারি প্রতিষ্ঠানের 'জ্যেষ্ঠ কর্মকর্তা' পদে চাকরির জন্য আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
কাব্যরস নামক অমৃতে যে আমাদের অরুচি জন্মেছে, তার জন্য দায়ী এ যুগের স্কুল এবং তার মাস্টার। কাব্য পড়বার ও বোঝবার জিনিস, কিন্তু স্কুল মাস্টারের কাজ হচ্ছে বই পড়ানো ও বোঝানো। লেখক এবং পাঠকদের মধ্যে এখন স্কুল মাস্টার দণ্ডায়মান। এই মধ্যস্থদের কৃপায় আমদের সঙ্গে কবির মনের মিলন দূরে থাক, চার চক্ষুর মিলনও ঘটে না। স্কুলঘরে আমরা কাব্যের রূপ দেখতে পাই না, শুধু তার গুণ শুনি। টীকা-ভাষ্যের প্রসাদে আমরা কাব্য সম্বন্ধে সকল নিগূঢ় তত্ত্ব জানি, কিন্তু সে যে কী বস্তু তা চিনিনে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
সাহিত্য জাতির দর্পণস্বরূপ।

১১। (ক) 'ফেসবুক এক মায়াজাল'–এ সম্বন্ধে দুই বন্ধুর সচেতনতামূলক সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপকের আলোকে একটি খুদে গল্প লেখ এবং গল্পের একটি উপযুক্ত নাম দাও।
অমিতের বয়স ছয়। কিন্তু সে বাড়ির অভাব বোঝে। কী চাইলে বাবা-মা কষ্ট পাবে তা সে জানে। তাই তো............

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) বাস্তবতার নিরিখে 'স্মার্ট বাংলাদেশ;
(খ) বাংলার গণজাগরণ;
(গ) মাদকাসক্তি ও আমাদের যুবসমাজ;
(ঘ) রূপসী বাংলা;
(ঙ) বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও আমাদের করণীয়।

SURE SUCCESS

# পাবনা ক্যাডেট কলেজ

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ 'অ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অসহ্য, আহ্বান, খেলা, চিহ্ন, বিস্ময়, বিশ্বাস, শ্রম, সত্য।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের যেকোনো **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
অপরাহ্ন, দন্দ, প্রতিযোগীতা, বিভিষিকা, মুমুর্ষু, শুশ্রুষা, শান্তনা, ষ্টেশন।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) নারকেলের ঐ লম্বা মাথায় হঠাৎ দেখি কাল
ii) ডাবের মতো চাঁদ উঠেছে ঠান্ডা ও গোলগাল।
iii) ছিটকিনিটা আস্তে খুলে পেরিয়ে গেলাম ঘর
iv) ঝিমধরা এই মস্ত শহর কাঁপছিল থরথর।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"— উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
বকধার্মিক, সুহৃদ, অহি-নকুল, শিক্ষামন্ত্রী, রূপান্তর, নবরত্ন, আমরণ, রাজপথ।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :

i) এদেশ বড় বিচিত্র। (বিস্ময়বোধক)
ii) শহিদদের মৃত্যু নেই। (অস্তিবাচক)
iii) মানুষ সামাজিক জীব। (নেতিবাচক)
iv) আইন মেনে চলা উচিত। (অনুজ্ঞাসূচক)
v) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত। (জটিল)
vi) ছেলেটি গরিব হলেও মেধাবী। (যৌগিক বাক্য)
vii) আমরা সবাই দেশকে ভালোবাসি। (প্রশ্নবাচক)
viii) যারা তরুণ, তারাই গড়বে আগামীর বাংলাদেশ। (সরল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) এটি লজ্জাস্কর ব্যাপার।
ii) মাতাহীন শিশুর কী দুঃখ!
iii) তিনি আজ সভায় থাকবে।
iv) অশ্রুজলে বুক ভেসে গেল।
v) রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য।
vi) ওভারলোড বহন দূর্ঘটনার কারণ।
vii) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব।
viii) সবাই মিলে করি কাজ হারি জিতি নাহি লাজ।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
গণঅভ্যুত্থানের মাধ্যমে আমরা বাংলাদেশের রূপান্তর পর্বে প্রবেশ করার অধিকার অর্জন করেছি। আমাদের এই কাঙ্খিত রূপান্তরের লক্ষ্য হবে সব ধরনের বৈষম্যসমূহ অবসানের রাজনৈতিক আয়োজন নিশ্চিত করা, এদেশে গনতান্ত্রিক ও নাগরিক সাম্যতা ভিত্তিক একটি রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা করা। এক্ষেত্রে আমাদের সবার মধ্যে ঐক্যমত প্রয়োজন।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Autonomous, Co-ordinator, Deputation, Eye-witness, Famine, Gratuity, Honorary, Interim Jail-code, Leap year, Manifesto, Ordinance, Pass-word, Reform, Subotage.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Bangladesh's students have made history by leading the world's first Gen Z revolution, marking a new chapter for the nation. This movement, driven by a generation rejecting corruption, inequality and oppression, has shown the transformative power of youth in shaping the future. Despite threats, state repression, and violence, these students remained resolute in their pursuit of justice and systemic change.

৮। (ক) 'অমর একুশে বইমেলা' সম্পর্কে অনুভূতি ব্যক্ত করে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) মনে কর, তোমার নাম তাহমিদ। তুমি 'দৈনিক সমকাল' পত্রিকার রাজশাহী জেলার সংবাদ প্রতিবেদক। সম্প্রতি বরেন্দ্র অঞ্চলে পানির স্তর নিচে নেমে যাওয়ায় তীব্র পানি সংকট নিয়ে একটি সংবাদ প্রতিবেদন রচনা কর।

৯। (ক) মেডিকেল ভর্তি পরীক্ষায় প্রথম হওয়ায় তোমার ঘনিষ্ঠ বন্ধুকে অভিনন্দন জানিয়ে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) ক্যাডেট কলেজের বাংলা বিভাগের 'প্রভাষক' পদে নিয়োগ লাভের জন্য 'সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ' বরাবর একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
জাতি শুধু বাইরের ঐশ্বর্য-সম্ভার, দালান-কোঠার সংখ্যাবৃদ্ধি কিংবা সামরিক শক্তির অপরাজেয়তায় বড় হয় না, বড় হয় অন্তরের শক্তিতে, নৈতিক চেতনায় আর জীবনপণ করে অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানোর ক্ষমতায়। জীবনের মূল্যবোধ ছাড়া জাতীয় সত্তার ভিত কখনও শক্ত আর দৃঢ়মূল হতে পারে না। মূল্যবোধ জীবনাশ্রয়ী হয়ে জাতির সর্বাঙ্গে ছড়িয়ে পড়লে জাতি অর্জন করে মহত্ত্ব আর মহৎ কর্মের যোগ্যতা।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
কোথায় স্বর্গ, কোথায় নরক, কে বলে তা বহুদূর?
মানুষেরি মাঝে স্বর্গ-নরক- মানুষেতে সুরাসুর।

১১। (ক) এইচএসসি পরীক্ষার পর করণীয় বিষয়ে দুই বন্ধুর কথোপকথন রচনা কর। ১০

অথবা, (খ) নিচের গল্পসংকেত অনুসরণে 'গ্রিনকার্ড' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।
ছোটবেলা থেকেই মনে মনে একটি স্বপ্ন লালন করছি। সেই স্বপ্ন সফল করতে...

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) স্বাধীনতার চেতনা;
(খ) বাংলাদেশের পোশাক শিল্প;
(গ) বাংলাদেশের উন্নয়নে তথ্যপ্রযুক্তি;
(ঘ) তারুণ্যের চোখে আগামীর বাংলাদেশ;
(ঙ) যুবসমাজের মূল্যবোধের অবক্ষয় ও প্রতিকার ।

# নটর ডেম কলেজ, ঢাকা

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ এ-ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
পদ্ম, একাডেমি, অসীম, যেমন, ভূস্বামী, ব্রহ্মাণ্ড, সন্ন্যাসী, উজ্জ্বল।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের যেকোনো **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
শিরচ্ছেদ, নুন্যতম, স্বরস্বতি, আকাংখা, নিশিথিনি, মুমুর্ষ, কাহীনী, কুজ্জটীকা।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? আবেগ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) পাদরির সঙ্গে দুজন কুলি শ্রেণির যুবক ছিল।
ii) ভাই, যা ইচ্ছা এখান থেকে নাও।
iii) আমাদের দলে কেহ দলপতি নাই।
iv) আমরা যাত্রা শুরু করলাম সেন্টমার্টিন অভিমুখে।
v) শোনা কথা বলছি।
vi) চলন্ত বাস থেকে যাত্রীরা লাফিয়ে নামছে।
vii) চলো কোথাও বেড়াতে যাই।
viii) কাল নয় পরশু সে যাবেই।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।' ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যেকোনো **পাঁচটি**) :
ফুলকুমারী, জলচর, যথারীতি, আশীবিষ, মৌমাছি, শতাব্দী, সত্যাসত্য, উপনদী।

SURE SUCCESS

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যান্তর কর :

i) সত্য কথা স্বীকার কর, নতুবা শাস্তি পাবে। (সরল)
ii) ইহারা অন্য জাতের মানুষ। (নেতিবাচক)
iii) ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই। (জটিল)
iv) বাঁশির সুরটি সুমধুর। (বিস্ময়বোধক)
v) সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ। (প্রশ্নবোধক)
vi) ভুলগুলো এখনই সংশোধন করতে বলছি। (অনুজ্ঞাবাচক)
vii) মানুষ অমর নয়। (অস্তিবাচক)
viii) আমার নিবাস নাই। (জটিল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) কীর্তীবাস বাংলা রামায়ন লিখেছেন।
ii) আমার কথাই শেষ পর্যন্ত প্রমাণ হলো।
iii) পরবর্তীতে আপনি আবার আসবেন।
iv) এ মামলায় আমি সাক্ষী দিব না।
v) তিনি স্বস্ত্রীক বেড়াতে গেছে।
vi) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
vii) সম্প্রতি কয়েকটি নদীতে নাব্যতা সংকট দেখা দিয়েছে।
viii) আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর :
বিদ্বানজনেরা সাধারণত সংস্কৃতি প্রিয়। সৌহার্দতা আমাদের বাঙালি সংস্কৃতির প্রাণ। কিন্তু দিন দিন তা ম্লান হওয়ায় আমরা সশঙ্কিত। তবুও নিরাশায় ডুবে থাকলে চলবে না। এক্ষেত্রে যেকোনো শুভ উদযোগকে জানাই সুস্বাগত।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
By-law, Amendment, Spokesman, Littoral, Criminal law, Deadlock, File, Entrepreneur, Interim, Pedagogy, Manifesto, Racism, Unclaimed, Pottery, Ideologist.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
The aim of education is to make a man fully fit for himself and the society, it means to develop the whole man who consists of body, mind and soul. It is education which aims at providing a child with opportunities so that it can bring to light its all learnt qualities. An educated man should be gentle, thoughtful, creative, kind, respectful, sympathetic and co-operative. If education offers no spiritual beauty, it has no value.

৮। (ক) তোমার কলেজের প্রথম দিনের অভিজ্ঞতা বর্ণনা করে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) খাদ্যে ভেজাল ও তার প্রতিকার সম্পর্কে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) শিক্ষাসফরে যাওয়ার আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুদের নিকট একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো বেসরকারি কলেজে 'প্রভাষক' পদে নিয়োগ প্রাপ্তির জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

জলহারা মেঘখানি বরষার শেষে,
পড়ে আছে গগনের এক কোণ ঘেঁষে।
বর্ষাপূর্ণ সরোবর তারি দশা দেখে,
সারাদিন ঝিকিমিকি হাসে থেকে থেকে।
কহে, ওটা লক্ষ্মীছাড়া, চালচুলাহীন,
নিজেরে নিঃশেষ করি, কোথায় বিলীন।
আমি দেখো চিরকাল থাকি জলভরা,
সরোবর, সুগম্ভীর নাই নড়াচড়া।
মেঘ কহে, ওহে বাপু, কর না গরব,
তোমার পূর্ণতা সে যে আমারই গৌরব।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

মিথ্যা শুনিনি ভাই—
এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই।

১১। (ক) শব্দদূষণের কুফল সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) সাম্প্রদায়িক সম্প্রীতি ও বাংলাদেশ;
(খ) একুশ বাঙালির অহংকার;
(গ) বাংলাদেশের পোশাক শিল্প: সমস্যা ও সম্ভাবনা;
(ঘ) জলবায়ুর পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন;
(ঙ) আধুনিক তথ্যপ্রযুক্তি ও বর্তমান বাংলাদেশ।

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
প্লাবন, আহ্বান, কর্তব্য, দেশপ্রেম, ইন্দ্রজিৎ, বৃহস্পতিবার, জীবন, অঞ্জলি।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
স্বান্তনা, বুৎপত্তি, কুপমন্ডুক, হীনমন্যতা, নুপুর, পিপিলিকা, প্রানীবিজ্ঞান, ইতিপূর্বে।

৩। (ক) বিশেষ্য কাকে বলে? উদাহরণসহ বিশেষ্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
i) গগনে গরজে মেঘ।
ii) আরে, তুমি আবার কখন এলে?
iii) আমাকে পথ দেখাবে আমার সত্য।
iv) রবীন্দ্রনাথ তো আর দুজন হয় না।
v) অবুঝ শিশু হামাগুড়ি দিল পিতা-মাতার লাশের উপর।
vi) মা গো মা! এমন মানুষও পৃথিবীতে আছে।
vii) পথ হারাবো বলেই এবার পথে নেমেছি।
viii) বাঁশি বেজে উঠল।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে'— উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
অল্পপ্রাণ, গণ্যমান্য, ঋণমুক্ত, জয়পতাকা, পুষ্পসৌরভ, প্রাণপাখি, অহি-নকুল, গৃহান্তর।

৫। (ক) বাক্য বলতে কী বোঝ? সার্থক বাক্যের বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) পঞ্জিকার পাতা উলটাইতে থাকিল। (নেতিবাচক)
ii) পৃথিবীতে অবাস্তব বলে কিছুই নেই। (অস্তিবাচক)
iii) তাদের যে দৃষ্টি, তাতে সামান্য বিস্ময়ের ভাব। (সরল)
iv) বার্ধক্যকে বয়সের ফ্রেমে বাঁধা যায় না। (জটিল)
v) সন্ধ্যার পর অন্ধকার ঘনিয়ে এলো। (বিস্ময়সূচক)
vi) ধনের ধর্মই অসাম্য। (যৌগিক)
vii) এতে দোষ নেই। (প্রশ্নবাচক)
viii) বিপদে অধীর হতে নেই। (অনুজ্ঞাসূচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫
i) তোমার সাথে আমার একটি গোপন পরামর্শ আছে।
ii) দৈন্যতা প্রশংসনীয় নয়।
iii) কালীদাস মেঘদূত লিখেছেন।
iv) গীতাঞ্জলী একখানা কাব্যগ্রন্থ।
v) কেউ মরে বিল সেঁচে, কেউ খায় শিং।
vi) বিধি লজ্ঞন হয়েছে।
vii) সে সভায় উপস্থিত ছিলেন।
viii) ছেলেটি ভয়ানক মেধাবী।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
সোহানের ছোট ভ্রাতা রোহানের বিয়ে। সোহান আমার সবচেয়ে ঘনিষ্টতম বন্ধু। এ বিয়েতে সে আমাকে স্বপরিবারে নিমন্ত্রণ করেছে। বরের বাড়িতে বিবাহোত্তর সম্বর্ধনা অনুষ্ঠানে হবে। আশা করি, আসছে আগামীকাল আমি ঐ অনুষ্ঠানে যোগদান করবো।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Agenda, Affidavit, Bulletin, Census, Debenture, Data, Embargo, Forecast, Manifesto, Quarantine, Zone, Theory, Sabotage, Walk-out, Gratuity.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Many people put off for tomorrow the work they can do today. Students also very often put off their class lessons for tomorrow. Nothing is more injurious than this habit. Men do not know what will happen tomorrow. This is why it is wise to value the present moments to make our life meaningful. A lot of troubles and dangers may come and upset everything. So, we must not neglect out time.

৮। (ক) তোমার কলেজের প্রথম দিনের দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যে সাম্প্রতিক ভেজাল মিশ্রণ প্রবণতা বিষয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত কোনো বন্ধুর জন্য জরুরিভাবে রক্ত ও আর্থিক সাহায্য চেয়ে বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) শিক্ষাসফরে যাওয়ার অনুমতি চেয়ে অধ্যক্ষের নিকট একখানা আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

জলহারা মেঘখানি বরষার শেষে,
পড়ে আছে গগনের এক কোণ ঘেঁষে।
বর্ষাপূর্ণ সরোবর তারি দশা দেখে,
সারাদিন ঝিকিমিকি হাসে থেকে থেকে।
কহে, ওটা লক্ষ্মীছাড়া, চালচুলাহীন,
নিজেরে নিঃশেষ করি, কোথায় বিলীন।
আমি দেখো চিরকাল থাকি জলভরা,
সরোবর, সুগম্ভীর নাই নড়াচড়া।
মেঘ কহে, ওহে বাপু কর না গরব,
তোমার পূর্ণতা সে যে আমারই গৌরব।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

পড়িলে বই আলোকিত হই
না পড়িলে বই অন্ধকারে রই।

১১। (ক) বই পড়ার গুরুত্ব সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প লেখ :
সকাল সকাল ঘুম থেকে উঠে মিতা জানালা দিয়ে বাইরে তাকায়। নীল আকাশে ভেসে বেড়ানো সাদা মেঘ, সবুজের সমারোহে ঢাকা গাছপালা, আর কোকিলের কলতানে মিতার মন ভরে যায় এক অপার্থিব আনন্দে।..........

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) মাদকাসক্তি ও আমাদের যুবসমাজ
(খ) বিজ্ঞান ও আধুনিক জীবন
(গ) সাম্প্রদায়িক সম্প্রীতি
(ঘ) শিষ্টাচার
(ঙ) একটি শীতের সকাল।

# ঢাকা কলেজ

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
ঐতিহ্য, পুনঃপুন, শাশ্বত, বৈশাখ, তপস্যা, আহ্বায়ক, আবশ্যক, বিজ্ঞপ্তি।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানে তৎসম শব্দের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
সন্নাসি, নুন্যতম, মরিচিকা, হিন্যমন্যতা, ষ্টেশনারী, মুমুর্ষ, পুরস্কার, স্বরস্বতি।

৩। (ক) ক্রিয়াপদ কাকে বলে? উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিকরণ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
i) পরাজয়ে ডরে না বীর।
ii) বিপদ কখনো একা আসে না।
iii) তিনি হো হো করে হেসে উঠলেন।
iv) চল কোথাও একটু বেড়িয়ে আসি।
v) পড়ন্ত বিকেলে হাঁটতে ভালো লাগে।
vi) অনেকেই ভাতের বদলে রুটি খায়।
vii) সাবাস! আমাদের ছেলেরা খেলায় জয়লাভ করেছে।
viii) কারণ ছাড়া কার্য হয় না।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"—আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
কুসুমকুমারী, পদ্মনাভ, আমরা, তুষারশুভ্র, কালান্তর, অনাশ্রিত, উদ্বেল, গৃহস্থ, ধর্মঘট।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী বৈশিষ্ট্য রয়েছে? আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) যখন বিপদ আসে তখন দুঃখও আসে। (যৌগিক)
ii) বাংলাদেশের চিরস্থায়িত্ব কামনা করি। (ইচ্ছাসূচক)
iii) যে অন্ধ তাকে আলো দাও। (সরল)
iv) এ কথা স্বীকার করতেই হবে। (নেতিবাচক)
v) সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ। (প্রশ্নবাচক)
vi) তাতে সমাজজীবন চলে না। (অস্তিবাচক)
vii) ছাত্রদের অধ্যয়নই তপস্যা। (জটিল)
viii) ভোরের বাতাস নির্মল। (বিস্ময়সূচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ণ বাজানে নিষেধ।
ii) গাছটি সমূলসহ উৎপাটিত হয়েছে।
iii) দশচক্রে ঈশ্বর ভূত।
iv) ব্যাপারটি অত্যান্ত লজ্জাস্কর ছিল।
v) সূর্য পূর্বদিকে উদয় হয়।
vi) দারিদ্রতা শব্দটি ভুল।
vii) গরীবের কথা বাসী হলে ফলে।
viii) বাল্মীকী রামায়ন রচনা করেছেন।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
শুধুমাত্র বেচে থাকাঈ মানুষের জীবনের লক্ষ্য নয়। মানুষের উচিত অপরের কল্যাণে নিজেদেরকে আত্মৎসর্গ ও নিবেদিত করা। সার্থপরতার মধ্যে কোনো সুখ নেই। আমৃত্যু পর্যন্ত একে অপরের মঙ্গলসাধনের লক্ষ্যে ব্রত সাধনা করা উচিত।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Bidder, Diplomatic, Dialect, Republic, Autonomous, Ordinance, Pioneer, Recism, Tribunal, Public Works, Agenda, Cabinet.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
The present world we live in is a global village. The countries of the world are now like the homes of a village. The countries are like the next door neighbour to one another. We can immediately know what happens in other countries. And we can also share their joys and sorrows with them.

৮। (ক) তোমার কলেজে উদযাপিত 'বিজ্ঞান মেলা' বিষয়ে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) সড়ক দুর্ঘটনা ও তার প্রতিকার বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) মোবাইল ফোনের অপব্যবহারের ক্ষতিগুলো উল্লেখ করে বন্ধুর কাছে একটি বৈদ্যুতিন চিঠি রচনা কর। ১০

অথবা, (খ) কোনো মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা,
হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্যবাক্য ঝলি ওঠে খরখড়্গ সম
তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা তারে যেন তৃণসম দহে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

১১। (ক) শব্দদূষণের কুফল সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'বিপদে বন্ধুর পরিচয়' শিরোনামে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) স্বদেশপ্রেম;
(খ) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) একুশের চেতনা;
(ঘ) প্রাকৃতিক দুর্যোগ ও বাংলাদেশ;
(ঙ) পোশাক শিল্প : সমস্যা ও সম্ভাবনা।

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

**ক বিভাগ (ব্যাকরণ)—৩০**

১। (ক) 'মধ্য অ' ধ্বনির সংবৃত উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অদ্বিতীয়, অক্ষরবৃত্ত, মৃন্ময়, ব্যক্তিত্ব, স্মরণীয়, বিদ্রোহ, শাস্ত্রজ্ঞ, ব্রহ্মাণ্ড।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত আধুনিক বাংলা বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
সম্বলিত, প্রাতঃরাশ, প্রোজ্জ্বলন, স্নেহাশীষ, বাল্মিকি, পৈত্রিক, দুর্লঙ্ঘনীয়, কুজ্ঝটিকা।

৩। (ক) বিশেষ্য কাকে বলে? উদাহরণসহ বিশেষ্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) শিক্ষক ছাত্রদের ব্যাকরণ <u>পড়াচ্ছেন</u>।
ii) বাংলাদেশ বিশ্বে দ্বিতীয় <u>বৃহত্তম</u> পোশাক রপ্তানিকারক দেশ।
iii) <u>বেশ</u>, তাই হোক।
iv) আত্মমর্যাদা <u>বিকিয়ো</u> না।
v) <u>পড়ন্ত</u> বিকেলে হাঁটতে ভালো লাগে।
vi) ব্যক্তিত্বহীনরাই দায়িত্ব-কর্তব্য পালনে <u>অমনোযোগী</u> হয়।
vii) <u>জনতা</u> নীরব হয়ে রইল।
viii) অল্পে <u>তুষ্ট</u> থাকা উচিত।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"—উপসর্গের সংজ্ঞাসহ উক্তিটি বিচার কর। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর : (যেকোনো **পাঁচটি**)
অর্থনীতি, পথেপ্রান্তরে, প্রতিবাদ, পঙ্কজ, বজ্রকঠোর, নবরত্ন, নিরর্থক, শীতোষ্ণ।

৫। (ক) বাক্য কাকে বলে? সার্থক বাক্যের গুণাবলি আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর কর (যেকোনো **পাঁচটি**) :

i) পরিশ্রমী হও নতুবা উন্নতি করতে পারবে না। (জটিল)
ii) কথাটায় তার বিশ্বাস হয়। (নেতিবাচক)
iii) সরস্বতী বর দেবেন না। (প্রশ্নবাচক)
iv) কামনা করি সৎপথে তার মতি হোক। (প্রার্থনাসূচক)
v) দুর্জনের সঙ্গ ত্যাগ কর। (নির্দেশাত্মক)
vi) ত্যাগের এ মহিমা অপূর্ব। (বিস্ময়সূচক)
vii) তোমার নাম কী? (অনুজ্ঞাসূচক)
viii) যদি ভেবে-চিন্তে কাজ কর তাহলে দুঃখ পাবে না। (যৌগিক)

৬। (ক) বাক্য শুদ্ধ করে লেখ : (যেকোনো **পাঁচটি**) ৫

i) সদ্যঃজাত শিশুটি সুস্থ আছে।
ii) নজরুল জন্ম-জয়ন্তী উৎসব পালিত হয়েছে।
iii) বাংলাদেশের ঋতু বৈচিত্রতা অত্যন্ত মনোমুগ্ধকর।
iv) বৃক্ষটি সমূলসহ উৎপাটন করা হয়েছে।
v) দারিদ্র্যতা একটি অভিশাপ।
vi) বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র।
vii) শিক্ষক অন্যান্য বিষয়গুলোর আলোচনা করলেন।
viii) কেবলমাত্র গলার জোরেই সব হয় না।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেয়তর একথা প্রমাণ হয়েছে। জীবনে সার্থকতা লাভ করতে হলে পাঠে মনযোগী হতে হয়। দূরাবস্থা আকাঙ্ক্ষার অন্তরায়। দৈন্যতা কাম্য নয়।

**খ বিভাগ (নির্মিতি)—৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Allegation, Bureaucracy, Co-ordinator, Dialect, Gist, Hostile, Passport, Obligatory, Occupation, Registration, Terminology, Vacation, Theory, Year Book, Union.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Bangladesh is now a free country. She suffered much during the last few years. But for her, the days of suffering are over. She is going to enter into an age of great prosperity. The golden land of Bangladesh will again be flowing with milk and honey.

৮। (ক) কোনো ঐতিহাসিক স্থান ভ্রমণের অনুভূতি নিয়ে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) সংবাদপত্রে প্রকাশ উপযোগী 'দুর্নীতি : জাতীয় উন্নয়নের অন্তরায়' শীর্ষক একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) শুদ্ধাচার ও সৌজন্যবোধ সম্পর্কে ছোট ভাইয়ের নিকট একটি উপদেশমূলক বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) বেসরকারি কলেজের প্রভাষক পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) ভাব-সম্প্রসারণ কর : ১০
স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

অথবা, (খ) সারমর্ম লেখ :

সার্থক জনম আমার জন্মেছি এই দেশে।
সার্থক জনম, মা গো, তোমায় ভালোবেসে॥
জানি নে তোর ধন রতন আছে কি না রানির মতন,
শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে॥
কোন্ বনেতে জানি নে ফুল গন্ধে এমন করে আকুল,
কোন্ গগনে ওঠে রে চাঁদ এমন হাসি হেসে॥
আঁখি মেলে তোমার আলো প্রথম আমার চোখ জুড়ালো
ওই আলোতে নয়ন মেলে মুদবো নয়ন শেষে॥

১১। (ক) 'পরমতসহিষ্ণুতা' বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর :
চেষ্টা করলে কী না হয়! এটা প্রমাণ করে দেখিয়েছে আয়েশা। কত দিন পরে আজ........

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) আধুনিক বিজ্ঞান ও কৃত্রিম বুদ্ধিমত্তা;
(খ) বাংলাদেশের অগ্রযাত্রায় তরুণসমাজের ভূমিকা;
(গ) বৃত্তিমূলক শিক্ষা;
(ঘ) পরিবেশ সংরক্ষণে বনায়ন;
(ঙ) অধ্যবসায়।

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) উদাহরণসহ ম-ফলা উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
সৌন্দর্য, গ্রাহ্য, পরীক্ষা, অধ্যক্ষ, নক্ষত্র, মধ্যাহ্ন, কন্যা, ঐতিহ্য।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
শান্তনা, স্বরস্বতি, মুমুর্ষু, অহোরত্রি, সর্বশান্ত, শুশ্রুসা, বয়:জ্যৈষ্ঠ, মনোপূত।

৩। (ক) কর্মপদ গ্রহণের ক্ষমতা অনুসারে ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
সেই সাপুড়ের মেয়েটি যখন একটি পীড়িত শয্যাগত লোককে তিলতিল করিয়া জয় করিতেছিল, তাহার তখনকার সেই গৌরবের কণামাত্র হয়তো আজিও ইহাদের কেহ চোখে দেখেন নাই। মৃত্যুঞ্জয় হয়তো নিতান্তই একটা তুচ্ছ মানুষ ছিল, কিন্তু তাহার হৃদয় জয় করিয়া দখল করার আনন্দটাও তুচ্ছ নয়, সে সম্পদ ও অকিঞ্চিৎকর নহে।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে'– আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
অনতিবৃহৎ, সপ্তর্ষি, হাসাহাসি, জন্মান্তর, নিমতিতা, প্রগতি, গিন্নিমা, পকেটমার।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :

i) এখানে এসেই সে বসে পড়ল। (যৌগিক)
ii) বিস্তারিত করিয়া কিছু বলা আমার পক্ষে অসম্ভব। (নেতিবাচক)
iii) নিতান্ত এক ছেলে বলিয়া মা আমাকে ছাড়িতে পারেন নাই। (জটিল)
iv) সময় নষ্ট কর না। (নির্দেশক)
v) চক্র তুলিয়া কামড়াইবার ভান করে কিন্তু কামড়ায় না। (সরল)
vi) ফুল সকলেই ভালোবাসে। (প্রশ্নবোধক)
vii) আমি না গিয়ে পারব না। (অস্তিবাচক)
viii) দুর্ঘটনাটি অত্যন্ত ভয়াবহ। (বিস্ময়সূচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) উপরে উল্লিখিত বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করছি।
ii) দৈন্যতা প্রশংসনীয় নয়।
iii) বিদ্যান দুর্জন হলেও পরিত্যাগ কর।
iv) কারো আভ্যন্তরীন ব্যাপারে কথা বলা উচিত নয়।
v) প্রাণী সম্পর্কে জানতে চাইলে প্রাণীবিদ্যা পড়।
vi) তার বৈমাত্রেয় সহোদর ডাক্তার।
vii) ছেলেটি মাঠে হাঁড়ি ভেঙেছে।
viii) আপনি স্ববান্ধবে আমন্ত্রিত।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কবিতা বিচিত্রময়। তাঁর শ্রেষ্ঠতম সৃষ্টি যেমন 'বিদ্রোহী' কবিতা, তেমনি অশ্রুজলে ভেজা অনেক বিরহের গানও তিনি লিখেছেন। তার সৃষ্টি কর্ম বাংলা ভাষাকে বৈচিত্রভাবে সমৃদ্ধ করেছে। সব দর্শকই নজরুলের কবিতা ভালোবাসে। কবির প্রতি আমাদের অকুণ্ঠ শ্রদ্ধাঞ্জলী।

## খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Hand-bill, Foreign-Aid, Deed of gift, Refugee, Appearance, Hostage, Autograph, Fundamental, Handicraft, Orbit, Signal, Manuscript, Skill, Feedback, Bibliography.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Patriotism is a good virtue. It is a strong, unselfish and noble sentiment. It gives courage and strength to preserve freedom, democracy and human rights. A true patriot can sacrifice his life for his own country. False patriotism makes a man selfish.

৮। (ক) সম্প্রতি অনুষ্ঠিত তোমার কলেজের বিজ্ঞান মেলায় অংশগ্রহণের উপর একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার কলেজে 'প্রাক্তন শিক্ষার্থীদের পুনর্মিলনী' অনুষ্ঠানের বর্ণনা দিয়ে অধ্যক্ষ বরাবর একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) বনভোজনে যাওয়ার আমন্ত্রণ জানিয়ে তোমার সহপাঠীদের কাছে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) ডেঙ্গু মশার প্রাদুর্ভাবের আশঙ্কা জানিয়ে নিয়মিত কলেজ ক্যাম্পাস পরিচ্ছন্ন রাখার জন্য অধ্যক্ষ বরাবর একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
এটা স্মরণ রাখা কর্তব্য যে, পৃথিবীতে যেখানে এসে তুমি থামবে, সেখান থেকেই তোমার ধ্বংস আরম্ভ হবে। কারণ তুমিই কেবল একলা থামবে, আর কেউ থামবে না। জগৎ প্রবাহের সঙ্গে সমগতিতে যদি চলতে না পার তো প্রবাহের সমস্ত সচল বেগ তোমার ওপর এসে আঘাত করবে, একেবারে বিদীর্ণ, বিপর্যস্ত হবে কিংবা অল্পে অল্পে ক্ষয়প্রাপ্ত হয়ে কাল স্রোতের তলদেশে অন্তর্হিত হয়ে যাবে। হয় অবিরাম চল এবং জীবন চর্চা কর; নয় বিশ্রাম কর এবং বিলুপ্ত হও। পৃথিবীর নিয়ম এই রকমই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
পথের প্রান্তে আমার তীর্থ নয়,
পথের দুধারে আছে মোর দেবালয়।

১১। (ক) 'নৈতিকতার গুরুত্ব' নিয়ে দুই সহপাঠীর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) বিজ্ঞানের অগ্রগতি ও বিজ্ঞানমনস্ক সমাজ;
(খ) বাংলাদেশের পোশাক শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(গ) পরিবেশ দূষণ : কারণ ও প্রতিকার;
(ঘ) শীতের সকাল;
(ঙ) স্বদেশপ্রেম।

SURE SUCCESS

# হলি ক্রস কলেজ, ঢাকা

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ আদ্য-অ ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অদ্বিতীয়, বিজ্ঞপ্তি, ঐতিহ্য, লাবণ্য, মর্যাদা, পদ্মা, পরীক্ষিত, স্মরণীয়।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
পিপিলিকা, বীরস্বনা, আকাংখা, প্রানীবিদ্যা, ভৌগলিক, স্নেহাস্পদ, গীতাঞ্জলী, শ্বাশত।

৩। (ক) বিশেষ্য শব্দ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
- i) <u>তুমি</u> আমার প্রিয় স্বদেশ।
- ii) তমাল <u>অথবা</u> তিতির এই কাজ করবে।
- iii) সে ছিল চমৎকার এক <u>সুন্দরী</u> তরুণী।
- iv) তিনি <u>হো</u> <u>হো</u> করে হেসে উঠলেন।
- v) <u>পয়লা বৈশাখ</u> বাঙালির উৎসবের দিন।
- vi) তার মায়ের হাতের পিঠা যেন <u>অমৃত</u>।
- vii) আমাদের যাত্রা সমুদ্র <u>অভিমুখে</u>।
- viii) এত চিনি দিলাম <u>তবু</u> মিষ্টি হলো না।

৪। (ক) উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে— ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
বেতাল, তেলেভাজা, জ্ঞানবৃক্ষ, মতান্তর, যৌবনসূর্য, রাজপথ, অহোরাত্র, প্রবাদ।

৫। (ক) বাক্য কাকে বলে? সার্থক বাক্যের বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
- i) অধ্যয়ন শিক্ষার্থীর তপস্যা নয় কি? (অস্তিবাচক)
- ii) ট্রাফিক আইন মেনে চলা উচিত। (অনুজ্ঞাসূচক)
- iii) একেই কি বলে সভ্যতা? (নেতিবাচক)
- iv) শিক্ষিত ব্যক্তিকে সবাই শ্রদ্ধা করে। (জটিল)
- v) আমাদের মানসিক দাসত্ব মোচন হয়নি। (প্রশ্নবাচক)
- vi) বাঁশির সুর শুনে মুগ্ধ হলাম। (বিস্ময়সূচক)
- vii) জাতিগঠনে শিক্ষার সাথে সততারও প্রয়োজন। (যৌগিক)
- viii) তুমি অধম তাই বলে আমি উত্তম হবো না কেন? (সরল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
- i) মেয়েটির সৌজন্যতায় অভিভূত হলাম।
- ii) লেখা-পড়া চুলায় তুলে রেখে ভবিষ্যৎ নষ্ট কোরো না।
- iii) রাশেদের শতস্ফুর্ত উপস্থাপনা চমৎকার হয়েছে।
- iv) গুলির আওয়াজে সবগুলো পাখিরা উড়ে গেলো।
- v) শহীদদের বিদেহী আত্মার শান্তি কামনা করি।
- vi) হিংনমন্যতা পরিহার করে মনকে উদার কর।
- vii) আমৃত্যু পর্যন্ত দেশকে ভালোবেসে যাবো।
- viii) অনেকেরই আজকাল পা ফুলে কলাগাছ হয়েছে।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
রাত জেগে ফেসবুক দেখে অনেক শিক্ষার্থীরা নিজেদের শরীরের খতি করছে। এতে তারা যেমন মানষিক দৈন্যতায় ভুগছে তেমনি লেখাপড়ায় পিছিয়ে পড়ছে। তাহাছাড়া আবশ্যকীয় প্রস্তুতির অভাবে আক্ষাখিত ফলাফল অর্জন করতে না পেরে পরিবারের মুখে লালকালি দিচ্ছে।

### খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Abstract, Orbit, Interim, Occupation, Value, Calligraphy, Etiquette, Surplus, Myth, Cold War, Justice, Urban, Geology, Secular, Ethics.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Wealth perishes very soon while knowledge does not perish. Knowledge is light and ignorance is darkness. A man without learning is like a beast. Knowledge in a man is like the sun in the sky. Wealth may be stolen but knowledge cannot.

৮। (ক) নববর্ষ উদযাপন নিয়ে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) বায়ুদূষণ রোধে কার্যকর পদক্ষেপ কী হওয়া উচিত সেই মর্মে তোমার মতামত জানিয়ে প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) উচ্চমাধ্যমিক পরীক্ষা শেষে লেখাপড়ার পাশাপাশি তুমি কী করতে পার, বিদেশে অবস্থানরত বন্ধুর কাছে পরামর্শ চেয়ে ই-মেইল রচনা কর। ১০

অথবা, (খ) তোমার এলাকায় পাঠাগার স্থাপনের অনুমতি চেয়ে কমিশনারের কাছে আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
কোনো সভ্য জাতিকে অসভ্য করার ইচ্ছে যদি তোমার থাকে, তাহলে তাদের সব বই ধ্বংস কর এবং সে দেশের সব পণ্ডিতকে হত্যা কর। তোমার উদ্দেশ্য সিদ্ধ হবে। পণ্ডিতরাই জাতির আত্মা। এই আত্মাকে যারা অবহেলা করে, তারা বাঁচে না। দেশ ও জাতিকে উন্নত করতে ইচ্ছে করলে জ্ঞানের সাহায্যেই তা করতে হবে। মানব মঙ্গলের জন্য যত অনুষ্ঠান আছে, তার মধ্যে এটাই প্রধান ও সম্পূর্ণ। জাতির ভেতর সাহিত্যের ধারা সৃষ্টি করে, জ্ঞানের ধারার প্রবাহ বাড়াও— আর কিছুর আবশ্যকতা নেই।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
"রাত্রে যদি সূর্যশোকে ঝরে অশ্রুধারা
সূর্য নাহি ফেরে, ব্যর্থ হয় তারা।"

১১। (ক) ফেসবুক ব্যবহার সম্বন্ধে সচেতনতা বাড়াতে প্রজন্মের কী পদক্ষেপ নেওয়া উচিত, সে বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) "ভাবিয়া করিও কাজ, করিয়া ভাবিও না"— বিষয়বস্তুর আলোকে ছোটগল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
- (ক) স্বনির্ভর বাংলাদেশ গড়তে বিজ্ঞানচেতনা;
- (খ) বাংলাদেশের পর্যটনশিল্পে সমস্যা ও সম্ভাবনা;
- (গ) মূল্যবোধের অবক্ষয় ও যুবসমাজ;
- (ঘ) যুদ্ধ-স্বার্থ ও সংঘাত;
- (ঙ) সত্য, প্রজ্ঞা ও উৎকর্ষ সাধনে হলি ক্রস কলেজ।

# আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'এ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অনিঃশেষ, ঐশ্বর্যবান, প্রেতাত্মা, বিজ্ঞ, শ্রাবণ, গ্রীষ্মকাল, অপরাহ্ন, চিহ্ন।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
গীতাঞ্জলী, মুমূর্ষ, নূন্যতম, মরিচিকা, স্নেহাশীষ, বুদ্ধিজিবি, শতস্ফূর্ত, শান্তনা।

৩। (ক) ক্রিয়া কাকে বলে? ক্রিয়ার প্রকারভেদ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষ্য শব্দশ্রেণি চিহ্নিত কর :
এখন প্রচণ্ড শীত। কয়েকদিন সূর্যের দেখা নেই। কুজ্ঝটিকা জেঁকে বসেছে। দরিদ্র মানুষ কাজে যেতে পারছে না। প্রৌঢ়□ বেওয়াদের কষ্টও অবর্ণনীয়।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।"—আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ।
যথাসাধ্য, পদদলিত, তেপান্তর, প্রবচন, জনমানব, অক্ষত, পকেটমার, কালান্তর, হাসাহাসি।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের প্রকারভেদ উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) যারা সংস্কৃতিবান, তারা শান্তিপ্রিয় হয়। (সরল)
ii) মিথ্যাবাদীকে সবাই অপছন্দ করে। (নেতিবাচক)
iii) রাঙামাটির প্রাকৃতিক সৌন্দর্য খুবই চমৎকার। (বিস্ময়বোধক)
iv) লোকটির সবই আছে কিন্তু সুখ নেই। (জটিল)
v) আমি বহু কষ্টে শিক্ষালাভ করেছি। (যৌগিক)
vi) মা-বাবার সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাসূচক)
vii) ধনীর কন্যা তার পছন্দ নয়। (অস্তিবাচক)
viii) জাদুঘর আমাদের আনন্দ দেয়। (প্রশ্নবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) মেয়েটি বেশ বুদ্ধিমান।
ii) তিনি স্বস্ত্রীক বিদেশে থাকেন।
iii) এখানে খাটি সুন্দরবনের মধু পাওয়া যায়।
iv) চোরটাকে পূর্ণচন্দ্র দিয়ে বিদায় কর।
v) অন্যায়ের প্রতিফল দূর্নিবার্য।
vi) শুধুমাত্র তুমি গেলেই হবে।
vii) সকল ছাত্রগণ ক্লাসে উপস্থিত ছিল।
viii) আপনি স্বপরিবার আমন্ত্রিত।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
দারিদ্রতা আজ আর আমাদের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশালী। কেবলমাত্র দুর্নীতিই আমাদের পেছনে টানে। তাই দল-মতের সখ্যতা অত্যন্ত জরুরী।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Acknowledgement, Boyscout, Cabinet, Deed of gift, Edition, Feudal, Index, Leap-year, Manifesto, Non-aligned, Ordinance, Para, Rank, Sabotage. Tradition.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Books are men's best companions in life. You must have very good friends but you cannot get them when you need them. They may not speak gently to you. One or two may prove false and do you much harm. But books are always ready to be by your side.

৮। (ক) কলেজে প্রথম দিনের অনুভূতি ব্যক্ত করে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) খাদ্যে ভেজাল ও এর প্রতিকার বিষয়ে একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) মাদকাসক্তির কুফল জানিয়ে ছোট ভাইকে প্রেরণের জন্য একটি ই-মেইল লেখ। ১০

অথবা, (খ) তোমার এলাকার জলাবদ্ধতা নিরসনের জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্রিকার সম্পাদকের নিকট একটি পত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
আজকের দুনিয়াটা আশ্চর্যভাবে অর্থের বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষ্যহীন প্রচণ্ড বেগে শুধুই আত্মবিনাশের পথে এগিয়ে চলেছে; মানুষ যদি এই মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌঁছেছে, যেখান থেকে আর হয়তো নামবার উপায় নেই; এবার উঠবার সিঁড়িটা না খুঁজলেই নয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
দাও ফিরে সে অরণ্য, লও এ নগর।

১১। (ক) বইমেলা সম্পর্কে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'রক্তদানের পুণ্য' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) কৃষিকাজে বিজ্ঞান;
(খ) স্বদেশপ্রেম;
(গ) বাংলাদেশের পোশাক শিল্প;
(ঘ) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ;
(ঙ) একটি শীতের সকাল।

SURE SUCCESS

# মাইলস্টোন কলেজ, ঢাকা

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
বিদ্রূপ, ব্রাহ্মণ, পঞ্চশর, চর্যাপদ, সংবর্ধনা, ইতঃপূর্বে, চিহ্নিত, ঔদার্য।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে তৎসম শব্দের বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
স্ফুলিংগ, ফটস্টেট, নিস্ক্রীয়, ইতিপূর্বে, কুজ্জটিকা, ঐক্যতান, স্নেহাশীষ, কথপোকোথন।

৩। (ক) ব্যাকরণিক শব্দশ্রেণি কাকে বলে? ব্যাকরণিক শব্দশ্রেণি কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
i) ইনি আমার কাকা।
ii) ভদ্রলোক ভেবেচিন্তে কাজ করেন।
iii) যাক গে যাক, কাজটি ভালোভোবে সম্পন্ন হয়েছে।
iv) বিপন্ন মানবতার পাশে দাঁড়ানো উচিত।
v) নানা দিকে ব্যস্ত থাকি।
vi) আমার পথ দেখাবে আমার সত্য।
vii) গরিবের শৌখিনতা মানায় না।
viii) আজ নয় কাল সে আসবেই।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে"– আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
স্বার্থসাধন, চিরসুখী, সৎপাত্র, কুশীলব, ফুলকুমারী, যুগান্তর, লালচে, প্রভাত।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি আদর্শ বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) দেশের সেবা করা উচিত। (অনুজ্ঞাবাচক)
ii) তবু না বলা কথাটা সবাই মেনে নেয়। (যৌগিক)
iii) তাহার নাম ছিল মৃত্যুঞ্জয়। (প্রশ্নবাচক)
iv) এখানে আসতেই হলো। (নেতিবাচক)
v) তিনি আমার প্রণাম লইবার জন্য সবুর করিলেন না। (অস্তিবাচক)
vi) ছেলেটি অসুস্থতার জন্য অনুপস্থিত। (যৌগিক)
vii) যেসব পশু মাংস খায়, তারা অত্যন্ত বলবান। (সরল)
viii) এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়সূচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব।
ii) তার পানিতে সমাধি হয়েছে।
iii) সময় বড় সংক্ষেপ।
iv) এখানে প্রবেশ নিষেধ।
v) তিনি আরোগ্য হয়েছেন।
vi) কেউ মরে বিল সেঁচে, কেউ খায় শিং।
vii) গাছে কাঁঠাল মাথায় তেল।
viii) চোরে চোরে চাচাতো ভাই।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
বিকেলের দিকে বেড়াতে যাবার পথে চোখে দেখতে পেলাম বুড়িকে। বৃদ্ধা বুড়ি শুয়ে আছে একটা মাদুরের উপর, মাথায় রুক্ষ মলিন বালিশ। আমি গিয়ে কাছে বসতেই বুড়ি চোখ মেলে চাইল। পরে আমাকে চিনে ধড়মড় করে বিছানা ছেড়ে উঠবার চেষ্টা করতেই আমি বললাম, উঠো না, ও কী?

## খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Prepaid, Hygiene, Plosive, Impeachment, Executive, Validity, Biography, Principle. Nutrition, Oath, Bilingual, War-criminal, Museum, Forecast, Up-to-date.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
We are social beings and have to consider the effect of our behaviour on others. There are two terms to describe our social behaviour 'etiquette' and 'manners'. 'Etiquette' means the rules of correct behaviour in society. The word 'manner' means the behaviour to be polite in particular society or culture. No one likes a bad-mannered person.

৮। (ক) তোমার কলেজে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) এডিস মশার প্রাদুর্ভাব ও ডেঙ্গুজ্বরের ভয়াবহতা তুলে ধরে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) জরুরি রক্তের প্রয়োজনের কথা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) হিসাবরক্ষক পদে নিয়োগ লাভের জন্য বেসরকারি প্রতিষ্ঠানে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা,
হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্যবাক্য ঝলি উঠে খরখড়্গসম
তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা তারে যেন তৃণসম দহে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
সাহিত্য সমাজের দর্পণস্বরূপ।

১১। (ক) বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি ও বিশ্ব জলবায়ু পরিবর্তনের সাম্প্রতিক প্রবণতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'দুষ্টের দমন' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) বাংলাদেশের পোশাক শিল্প;
(খ) বদলে যাওয়া বাংলাদেশে তারুণ্যের সম্ভাবনা;
(গ) অধ্যবসায়;
(ঘ) মাদকাসক্তি ও তার প্রতিকার;
(ঙ) ইন্টারনেট ও আজকের বিশ্ব।

# ঢাকা সিটি কলেজ

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অতীত, উদ্বাস্তু, সভ্য, মর্যাদা, পদ্ম, চিহ্ন, ব্যবহার, ঐশ্বর্যবান।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত অ-তৎসম শব্দের বানানের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
আকাংখা, ঐক্যতান, ইতিপূর্বে, নুন্যতম, মুমর্ষূ, সমিচীন, সর্বশান্ত, শান্তনা।

৩। (ক) ক্রিয়াপদ কী? কর্মপদের ভূমিকা অনুসারে ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
একটু মিটমিট করিয়া ক্ষুদ্র আলো জ্বলিতেছে। দেয়ালের উপর চঞ্চল ছায়া, প্রেতবৎ নাচিতেছে। আহার প্রস্তুত হয় নাই— এজন্য হুঁকা হাতে, নিমীলিতলোচনে আমি ভাবিতেছিলাম যে, আমি যদি নেপোলিয়ান হইতাম, তবে ওয়াটারলু জিতিতে পারিতাম কি না।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের প্রয়োজনীয়তা আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
সপ্তর্ষি, দম্পতি, সলিলসমাধি, দুর্ভিক্ষ, কুসুমকোমল, বিশালাক্ষী, গ্রহান্তর, ধামাধরা।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :

i) বস্তুজিজ্ঞাসা তথা বিজ্ঞান কখনো শিক্ষার প্রধান বিষয়বস্তু হতে পারে না। (প্রশ্নবোধক)
ii) হৈম তাহার অর্থ বুঝিল না। (অস্তিবাচক)
iii) ছাত্রদের অধ্যয়নই তপস্যা। (জটিল)
iv) ঘটনাটি অত্যন্ত ভয়ঙ্কর। (বিস্ময়সূচক)
v) ছেলেটি অসুস্থতার জন্য অনুপস্থিত। (যৌগিক)
vi) জীবনের জন্য বৃক্ষের দিকে তাকাও। (নির্দেশাত্মক)
vii) যিনি জ্ঞানী, তিনিই সত্যিকার ধনী। (সরল)
viii) শম্ভুনাথ এ কথায় একেবারে যোগই দিলেন না। (অস্তিবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্র্যতা আমাদের মুগ্ধ করে।
ii) আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
iii) বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
iv) আপনার স্ববান্ধব উপস্থিতি আমরা প্রত্যাশা করি।
v) দশচক্রে ঈশ্বর ভূত।
vi) সকল সভ্যগণ সভায় উপস্থিত ছিলেন।
vii) মামলা চালাতে গিয়ে লোকটি সর্বশান্ত হলেন।
viii) এ বিষয়ে অজ্ঞানতাই তার পতনের কারণ।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
নিরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকের গান শোনায়। অনুভূতির কান দিয়ে সে গান শুনিতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধর্ম্মের মানেও তাই।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Appendix, Broadcast, Chancellor, Deputation, Epitaph, Interpreter, Rational, White paper, Bibliography, Fiction, Sabotage, Phonetics, Manifesto, Gratuity, Octave.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Good books are storehouse of knowledge and wisdom. Anyone who has the key can enter these storehouses and help himself. What is the key? Simply the ability to read. He who can read can store his mind with the great thoughts of the great thinkers of the world. The man who never opens a book has an empty mind.

৮। (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদযাপনের একটি দিনলিপি প্রস্তুত কর। ১০

অথবা, (খ) তোমার কলেজ গ্রন্থাগার সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বাংলা নববর্ষ সম্পর্কে প্রবাসী বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি প্রেরণ কর। ১০

অথবা, (খ) তোমার এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির কথা জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্রিকায় প্রকাশের লক্ষ্যে একটি পত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
মানুষের মূল্য কোথায়? চরিত্র, মনুষ্যত্ব, জ্ঞান ও কর্মে। বস্তুত, চরিত্রবলেই মানুষের জীবনের যা কিছু শ্রেষ্ঠ তা বুঝতে হবে। চরিত্র ছাড়া মানুষের গৌরব করার কিছুই নেই। মানুষের শ্রদ্ধা যদি মানুষের প্রাপ্য হয়, মানুষ যদি মানুষকে শ্রদ্ধা করে, সে শুধু চরিত্রের জন্যে। অন্য কোনো কারণে মানুষের সামনে নত হবার দরকার নেই। জগতে যে সকল মহাপুরুষ জন্মগ্রহণ করেছেন, তাঁদের গৌরবের মূল এই চরিত্রশক্তি। তুমি চরিত্রবান লোক— এ কথার অর্থ এই নয় যে, তুমি শুধু লম্পট নও। তুমি সত্যবাদী, বিনয়ী এবং জ্ঞানের প্রতি শ্রদ্ধা পোষণ কর; তুমি পরদুঃখকাতর, ন্যায়বান এবং মানুষের ন্যায় স্বাধীনতাপ্রিয়— চরিত্রবান মানে এই

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।

১১। (ক) জ্ঞানচর্চায় বিজ্ঞান নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প রচনা কর :
পড়ন্ত বিকেলে ঢাকার ফুটপাতে হাঁটতে হাঁটতে রাজু ভাবে, কালের প্রবহমান স্রোত জীবনকে আজ কতদূরে নিয়ে এসেছে। কিন্তু শৈশবের স্মৃতিগুলো আজও.....।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়ন;
(খ) বাংলাদেশের পোশাকশিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(গ) অধ্যবসায়;
(ঘ) ইন্টারনেট ও আজকের বিশ্ব;
(ঙ) দেশ গঠনে ছাত্রসমাজের ভূমিকা।

# ঢাকা কমার্স কলেজ

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অতঃপর, আহ্বান, গ্রীষ্ম, ঐচ্ছিক, তত্ত্বীয়, সৌন্দর্য, প্রবন্ধ, হিংস্র।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত তৎসম শব্দ বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
তত্বাবধান, প্রজ্জলন, ঐক্যতা, সমিচীন, বিদূষি, সায়ত্তশাসন কনিষ্ঠতম, কৃচ্ছতা।

৩। (ক) উদাহরণসহ বিশেষ্যের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) মা গো মা, লোকে এমন হাসতে পারে।
ii) পায়ে হাঁটা পথ ধরে এগিয়ে চললাম।
iii) মেটে কলসিতে পানি ঠান্ডা থাকে।
iv) টিপ টিপ বৃষ্টি পড়ছে।
v) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড় আশ্চর্য।
vi) এখনও বিস্ময় জাগে মানুষের মনে।
vii) আজ বাংলাদেশ বনাম দক্ষিণ আফ্রিকার ক্রিকেট খেলা।
viii) চলো কোথাও বেড়াতে যাই।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।' উদাহরণসহ বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
হতাহত, তেপান্তর, উর্ণনাভ, তুষারশীতল, পদ্মআঁখি, বেয়াদব, নাতজামাই, আরক্তিম।

৫। (ক) গঠনগত দিক থেকে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :

i) আমি এ সাক্ষী চাই না। (জটিল)
ii) যাদের বুদ্ধি নেই, তারাই এ কথা বিশ্বাস করবে। (যৌগিক)
iii) সে ভোটার নয়, তাই নির্বাচনে দাঁড়াতে পারবে না। (সরল)
iv) সে কথা এরা ভাবে। (নেতিবাচক)
v) ওরা আগামীকাল আসবে। (প্রশ্নবাচক)
vi) এখন তোরা যা। (বিবৃতিবাচক)
vii) তোমার মঙ্গল কামনা করি। (ইচ্ছাসূচক)
viii) দৃশ্যটি বড়ই করুণ। (বিস্ময়বাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫

i) বিরাট গরু-ছাগলের হাট।
ii) মেয়েটি ভয়ানক মেধাবী।
iii) দশচক্রে ঈশ্বর ভূত।
iv) তোমার তথ্য গ্রহণীয় নয়।
v) এটা লজ্জাস্কর ব্যাপার।
vi) সে এ মোকদ্দমায় সাক্ষী দিয়েছে।
vii) এখানে খাঁটি গরুর দুধ পাওয়া যায়।
viii) অশ্রুজলে তার বুক ভেসে গেল।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
বাড়িওয়ালার ছেলেটি দারুণ সুবুদ্ধিমান। চোরটিকে সে বমালসুদ্ধ ধরেছে। খবর পেয়ে বাড়ি সকল লোকেরা ছুটে এলো চোরটিকে দেখতে। তাহারা চোরটিকে উত্তম-মাধ্যম করে পুলিশে দিল।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Analogy, Fungus, Judiciary, Nebula, Pioneer, Diagnosis, Legend, Manifesto, Wireless, Valuation, Constitution, Referendum, Analysis, Tribunal, Zodiac.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
The life of a student is a life of preparation, preparation for the struggle of life. To make well fitted for the struggle, education is necessary. Students of today will lead the nation tomorrow. But if their education is not completed, they will not be able to lead the country to peace and prosperity.

৮। (ক) তোমার কলেজে উদযাপিত 'নবীনবরণ' অনুষ্ঠানের উপর একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) পরিবেশ রক্ষায় বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা উল্লেখ করে একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) বন্ধুর পিতার মৃত্যুতে সান্ত্বনা জানিয়ে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) 'প্রভাষক' পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

স্বাধীনতা স্পর্শমণি সবাই ভালোবাসে
সুখের আলো জ্বলে বুকে দুঃখের ছায়া নাশে।
স্বাধীনতা সোনার কাঠি খোদার সুধা দান,
স্পর্শে তাহার নেচে উঠে শূন্য দেহে প্রাণ
মনুষ্যত্বের বান ডেকে যায় যাহার হৃদয়ের তলে,
বুক ফুলিয়ে দাঁড়ায় ভীরু স্বাধীনতা বলে।
দর্পকরে পদানত উচ্চ করে শির,
শক্তিহীনেও স্বাধীনতা আখ্যাদানে বীর।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
রাত যত গভীর হয়, প্রভাত তত নিকটে আসে।

১১। (ক) ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যম অতিরিক্ত ব্যবহারের কুফল সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিম্নোক্ত ইঙ্গিত অবলম্বনে একটি খুদে গল্প রচনা কর।
সবুজ শ্যামল বাংলা মায়ের সোনালি ফসলের মাঠ আজ কংক্রিটের চাপায় পিষ্ট……

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) পোশাক শিল্প;
(খ) চিকিৎসাক্ষেত্রে বিজ্ঞান;
(গ) রাষ্ট্র বিনির্মাণে ছাত্রসমাজের ভূমিকা;
(ঘ) মাদকাসক্তের কারণ ও প্রতিকার;
(ঙ) বিশ্বশান্তি ও মানবতা।

# রাজশাহী কলেজ

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) 'ম ফলা' উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
ব্রহ্মপুত্র সংরক্ষণ, সৌন্দর্য, তত্ত্বাবধান, নিঃশঙ্ক, মৃত্যুযাত্রা, বিশেষজ্ঞ, ব্যতিব্যস্ত।

২। (ক) বাংলা একাডেমি প্রবর্তিত অ-তৎসম শব্দের বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
পিপিলিকা, সায়ত্বশাসন, মন্ত্রিপরিশদ, শ্রদ্ধাস্পদেসু স্বত্ত্বাধিকারি, জ্যাতোভিমান, প্রাতঃভ্রমণ, বিদ্বানজন।

৩। (ক) ক্রিয়া কী? উদাহরণসহ বাংলা ক্রিয়াপদের শ্রেণিবিভাগ লেখ। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
মানুষ স্বভাবতই <u>সৌন্দর্যপ্রিয়</u>। মনকে আকর্ষণ করার <u>মতো</u> অনেক কিছুই <u>প্রকৃতিজগতে</u> ছড়িয়ে আছে। আহা! <u>কী</u> অপরূপ <u>বাংলার</u> চিত্র। <u>রুপালি</u> নদী, নীল আকাশ, সাদা মেঘমালা, সবুজ বৃক্ষলতা, নানা বর্ণের ফুল-ফল, মায়াবী জ্যোৎস্না যে কারো <u>হৃদয়কে</u> মুগ্ধ <u>করবেই</u>।

৪। (ক) উপসর্গ কাকে বলে? 'আ', 'নি', 'বি' ও 'খাস' উপসর্গ দ্বারা চারটি করে শব্দ গঠন কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
চৌচালা, সপ্তর্ষি, পলান্ন, মৃদুমন্দ, লালপেড়ে, জ্ঞানশূন্য, বীরকেশরী, ফলদ।

৫। (ক) বাক্য কী? অর্থানুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) সুসংবাদটা পেয়ে সে আনন্দিত হলো। (জটিল)
ii) অনুপম কোনো কথা বলল না। (অস্তিবাচক)
iii) নিয়মিত ব্যায়াম করলে স্বাস্থ্য ভালো হবে। (যৌগিক)
iv) সত্যি সেলুকাস, এদেশ বড়ো বিচিত্র। (বিস্ময়বোধক)
v) যে অন্ধ তাকে আলো দাও। (সরল)
vi) মামাকে উঠিতে হইল। (নেতিবাচক)
vii) সে কথা আজও ভুলতে পারি না। (প্রশ্নবাচক)
viii) এখনই ডাক্তার ডাকা উচিত। (অনুজ্ঞাবাচক)

৬। (ক) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ : ৫
বৃক্ষের দিকে তাকাইলে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। তাই, বারংবার সেইদিকে তাকানো প্রয়োজন। মাটির রস টেনে লইয়ে নিজেকে মুটাসোটা করে তুলাতেই বৃক্ষের কার্যের সমাপ্তি নয়। তাকে ফুল ফুটাইতে হয়, ফল ধরাতে হয়। নহিলে তাঁর জীবন অসম্পূর্ণ থেকে যাইবে। তাই বৃক্ষকে স্বার্থকতার প্রতিক হিসেবে গ্রহণ করার প্রয়োজনিতা সজিবতা ও সতর্কতার এমন জীবন্ত দৃষ্টান্ত আর নেই।

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ :
i) পরীক্ষা চলাকালীন সময়ে হর্ন বাজাবেন না।
ii) আগামীকাল বজ্রসহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
iii) কেউ মরে বিল ছেঁচে, কেউ খায় শিং।
iv) এ স্মরণিটি কবি নজরুলের স্মরণে নামকরণ করা হয়েছে।
v) রাজশাহী কলেজের সৌন্দর্য দেখে আমি আশ্চর্য হয়েছি।
vi) তাহার শুশ্রূষা ও সান্ত্বনায় আমি শক্তি ও উৎসাহ পাইলাম।
vii) জাতীয় প্রেসক্লাবে তিনি এক সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন।
viii) ইতোমধ্যে তার মনবিকার দেখা দিয়েছে।

## খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Annexation, Bulletin, Customs, Demonstrator. Eyewitness, Famine, Interpreter, Lexicographer. Nebula, Principle, Quarter, Regulation, Skull. Unstamped. Vision.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
We are social beings and have to consider the effect of our behavior on others. There are two terms to describe our social behavior– 'etiquette' and 'manners'. 'Etiquette' means the rules of correct behavior in society. The word 'manner' means the behavior to be polite in particular society or culture. No one likes a bad-mannered person.

৮। (ক) তোমার কলেজের শেষদিনের অনুভূতির বর্ণনা দিয়ে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) 'খাদ্যদ্রব্যে ভেজাল ও তার প্রতিকার' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) সম্প্রতি পড়া কোনো বই সম্পর্কে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'বিপণন কর্মকর্তা' পদে নিয়োগ লাভের জন্য আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারমর্ম লেখ : ১০
অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা;
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই– প্রীতি নেই– করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।
যাদের গভীর আস্থা আছে আজও মানুষের প্রতি,
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
প্রয়োজনে যে মরিতে প্রস্তুত, বাঁচিবার অধিকার তাহারই।

১১। (ক) 'জুলাই অভ্যুত্থান' বিষয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে "স্বাধীনতার স্বপ্ন" শিরোনামে একটি খুদে গল্প লেখ:
বিষণ্ন চিত্তে অয়ন ভাবছে মুক্তিযুদ্ধ কি ব্যর্থ হয়েছে? কেবল পতাকা বদলের মধ্যে যুদ্ধের সাফল্য বোঝা যায় না। ......

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) স্বদেশপ্রেম;
(খ) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;
(গ) জাতি গঠনে নারীসমাজের ভূমিকা;
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(ঙ) মাদকাসক্তির কারণ ও প্রতিকার।

SURE SUCCESS

# নিউ গভঃ ডিগ্রি কলেজ, রাজশাহী

সময় : ৩ ঘণ্টা

## বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র

পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

### ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) 'এ'-ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :

অধ্যবসায়, আকস্মিক, উত্তীর্ণ, ভক্ষক, পদ্ম, বৈশাখ, দক্ষ, ঐশ্বর্য।

২। (ক) প্রমিত বাংলা বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :

শিরচ্ছেদ, প্রাণীবিদ্যা, বিভিষিকা, অভাবগ্রস্থ, শান্তনা, জড়ুরী, বানি, বন্দী।

৩। (ক) উদাহরণসহ ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) সে একজন অভিজ্ঞ লোক।
ii) উনিশে এপ্রিল সে এখানে আসবে।
iii) আমি খেয়ে সেখানে যাব।
iv) আহা! কী মর্মান্তিক ঘটনা।
v) এ মাসে নয় আগামী মাসে যেয়ো।
vi) রবীন্দ্রনাথ ঠাকুর একজন ধ্রুপদি সাহিত্যিক।
vii) অনেক দূর অবধি যেতে পারি।
viii) ভ্রমর গুনগুনিয়ে গান গায়।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে।'– আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :

পদ্মনাভ, অনেক, দেশান্তর, জ্যোৎস্নারাত, শোকানল, দুর্ভিক্ষ, সজ্জন, উপলখণ্ড।

৫। (ক) অর্থ অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :

i) পড়াশোনা না করলে ভবিষ্যৎ অন্ধকার। (যৌগিক)
ii) তাকে সকলে প্রিয়ংবদা বলে। (নেতিবাচক)
iii) সে স্বাস্থ্যবান নয়। (অস্তিবাচক)
iv) মন দিয়ে লেখাপড়া করা উচিত। (অনুজ্ঞাবাচক)
v) লোকটি গরিব কিন্তু সৎ। (জটিল)
vi) দৃশ্যটি খুবই সুন্দর। (বিস্ময়সূচক)
vii) সুখী হও। (নির্দেশক)
viii) সুখ সকলেরই কাম্য। (প্রশ্নবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) ইতিপূর্বে আমি সেখানে গিয়েছিলাম।
ii) সে পরিবারের কনিষ্ঠতম সদস্য।
iii) অতি লোভে গাঁজন নষ্ট।
iv) এটি লজ্জাস্কর ব্যাপার।
v) তিনি স্বপরিবারে ঢাকায় থাকেন।
vi) দারিদ্রতা আমাদের অভিশাপ।
vii) বাংলা বানান আয়ত্ব করা খুব কঠিন।
viii) বিশাল গরু-ছাগলের হাট।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :

অতন্দ্রিলা ভয়ানক মেধাবী। তাকে সকলে অসম্ভব পচ্ছন্দ করে। বাবা-মা মনে করেন, আগামী ভবিষ্যতে সে অসামান্য সাফল্য বয়ে আনবে। যা কেউ এর আগে করে নাই। তার জন্য অন্তরের অন্তস্থল থেকে তাঁরা দোয়া করেন।

### খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০

Alert, Bail, Chief, By-law, Dual, Dialect, Para, Spy, Shift, Legend, Honorary, Goods, Will, Validity, Renew.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :

Man is mortal. Man often forgets this fact. Because of this he makes many mistake. So we should be mindful of our action. And our intention should be noble. Correcting life's mistakes and moving forward is essential. It's our responsibility to move forward in life beautifully.

৮। (ক) তোমার কলেজে প্রথম দিনের অভিজ্ঞতার ওপর একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার এলাকার বখাটেদের উৎপাত বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) শিক্ষাসফরে যাওয়ার জন্য আর্থিক অনুদান চেয়ে তোমার কলেজের অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

আজি এ প্রভাতের রবির কর
কেমনে পশিল প্রাণের পর,
কেমনে পশিল গুহার আঁধারে প্রভাত পাখির গান!
না জানি কেন রে এত দিন পরে জাগিয়া উঠিল প্রাণ।
জাগিয়া উঠেছে প্রাণ,
ওরে উথলি উঠেছে বারি,
ওরে প্রাণের বাসনা প্রাণের আবেগ রুধিয়া রাখিতে নারি।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :

যত মত তত পথ।

১১। (ক) সাইবার ক্রাইম নিয়ে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যকার কথোপকথন তুলে ধর। ১০

অথবা, (খ) 'সোশ্যাল মিডিয়ার প্রতি আসক্তি' বিষয়ে খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) একটি শীতের সকাল;
(খ) ইন্টারনেট : সুফল ও কুফল;
(গ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য;
(ঘ) মূল্যবোধ;
(ঙ) জাতীয়তাবাদ।

SURE SUCCESS

# সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)–৩০

১। (ক) উদাহরণসহ 'ব-ফলা' উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ উচ্চারণ লেখ:
প্রভাত, পদ্ম, ব্যতীত, সন্ধ্যা, অদ্বিতীয়, অধ্যক্ষ, ঐশ্বর্য, পুনঃপুন।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে 'তৎসম' শব্দের বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
শুচীপত্র, নুন্যতম, স্বরস্বতী, সমিচিন, মুমুর্ষ, উপরোক্ত, পুরস্কার, দূরাবস্থা

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? আবেগ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
i) কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা।
ii) তুমি আর আমি প্রতিদিন কলেজে যাই।
iii) অধিক ভোজন অনুচিত।
iv) হে বন্ধু, বিদায়।
v) তুমি যে আমার কবিতা।
vi) রিমা জোরে জোরে হাঁটে।
vii) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।
viii) দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে–' আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
নরাধম, মুখচন্দ্র, আমরণ, সত্যাসত্য, পঙ্কজ, লাঠালাঠি, সপ্তর্ষি, তপোবন।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুযায়ী বাক্যান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) সৎ লোকের ভয় নেই। (জটিল)
ii) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবোধক)
iii) অনুগ্রহ করে সব খুলে বলুন। (যৌগিক)
iv) রূপার স্বাস্থ্য ভালো। (নেতিবাচক)
v) যে অন্ধ তাকে আলো দাও। (সরল)
vi) আশেপাশে কোনো শব্দ নেই। (অস্তিবাচক)
vii) এ দেশ বড়ো বিচিত্র। (বিস্ময়বোধক)
viii) কাজটা তোমার করা উচিত। (অনুজ্ঞাসূচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) আপনি স্ববান্ধবে আমন্ত্রিত।
ii) আকণ্ঠ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে।
iii) হাটে কলস ভাঙা।
iv) ভূল লিখতে ভুল কোরো না।
v) তার বৈমাত্রেয় সহোদর ডাক্তার।
vi) তিনি আরোগ্য হয়েছেন।
vii) বিদ্যান মূর্খ অপক্ষো শ্রেষ্ঠ।
viii) স্যারের কথা প্রমাণ হয়েছে।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
আজকাল বানানের ব্যাপারে সকল ছাত্ররাই অসচেতন। তাহারা শব্দের বানান লিখতে প্রায়ই ভুল করে। বিষয়টি লজ্জাস্কর। এ অবস্থা থেকে উত্তরনের জন্য আমাদের সকলের সচেতনতা হওয়া উচিত।

## খ বিভাগ (নির্মিতি)–৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Surplus, Sanction, Census, Interim, Lien, Urban, White-paper, Option, Fiction, Subsidy, Gist, Migration, Allotment, Bookpost, File, Thesis.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Man cannot live alone. So he likes to keep company. He cannot do without the help of other even for a day. For this reason men have been living together for many days. This is called social life. None can go according to this sweet will in society.

৮। (ক) তোমার কলেজ জীবনের শেষ দিনের ওপর একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) 'যানজট একটি ভয়াবহ সমস্যা' শিরোনামে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) জরুরি রক্তের প্রয়োজনের কথা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) ছাত্রকল্যাণ তহবিল থেকে আর্থিক সাহায্য চেয়ে তোমার কলেজের অধ্যক্ষের নিকট আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই– প্রীতি নেই– করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।
যাদের গভীর আস্থা আছে আজও মানুষের প্রতি,
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
দুঃখের মতো এত বড় পরশপাথর আর নাই।

১১। (ক) মাদকাসক্তির কুফল ও এর প্রতিকার বিষয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'পথশিশু' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) অধ্যবসায়;
(খ) তথ্যপ্রযুক্তি ও আজকের বাংলাদেশ;
(গ) একুশের চেতনা;
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প;
(ঙ) দ্রব্যমূল্য বৃদ্ধি ও জনজীবন।

SURE SUCCESS

# সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ, খুলনা

সময় : ৩ ঘণ্টা — **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** — পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ এ-ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
ষাণ্মাসিক, আধ্যাত্মিক, সমন্বয়ক, উদ্যোগ, দীনবন্ধু, অভিপ্রেত, বিজ্ঞাপন, ক্ষতি।

২। (ক) উদাহরণসহ তৎসম শব্দ বানানের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
অন্তঃসত্ত্বা, আদ্যপান্ত, প্রাতঃরাশ, ব্যাভিচার, চলৎশক্তি, দধিচী, বাহুল্যতা, মধ্যাহ্ন।

৩। (ক) বিশেষ্য পদের সংজ্ঞাসহ শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
i) ছত্রিশে জুলাই ছাত্র-জনতার অভ্যুত্থান দিবস।
ii) বিনা যুদ্ধে নাহি দেব সূচ্যগ্র মেদিনী।
iii) মুক্তির জন্য অকাতরে জীবন দিয়েছে মানুষ।
iv) জাগো বাহে, কোনঠে সবায়?
v) আয়না ঘরে মানবেতর জীবন-যাপন করেছে বন্দিরা।
vi) স্বৈরাচারী শক্তি শেষ পর্যন্ত পালায়।
vii) আপনা মাংসে হরিণা বৈরী।
viii) নামে কিবা আসে যায়, কর্মেই পরিচয়।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে"— ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
বিপ্লব-অভিযান, আদর্শচ্যুত, দেশান্তর, চতুষ্পদী, চর্ব্যচূষ্য, প্রশিক্ষণ, গোবেচারা, উপভাষা।

৫। (ক) বাক্য কাকে বলে? উদাহরণসহ সার্থক বাক্যের বৈশিষ্ট্যসমূহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) শহিদেরা মরে না। (অস্তি)
ii) যার মনে মিথ্যা, সেই মিথ্যাকে ভয় করে। (সরল)
iii) মানবতার ধর্ম বড়ো ধর্ম। (প্রশ্ন)
iv) বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। (জটিল)
v) তারা নির্মম নিপীড়ন চালায়। (বিস্ময়)
vi) দুর্নীতিগ্রস্ত ব্যক্তিকে আইনের আওতায় আনতে হবে। (অনুজ্ঞা)
vii) যখন জনগণ জেগে উঠল, তখন অত্যাচারীরা পিছু হটল। (যৌগিক)
viii) ইহাই হোক তারুণ্যের সাধনা। (নির্দেশ)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) নিরপরাধী ব্যক্তি কেন বছরের পর বছর জেলে থাকবে?
ii) দুই ব্যক্তির সাথে সখ্যতা রাখা উচিত নয়।
iii) উপদেষ্টাপারিষদগণ সঠিক সিদ্ধান্ত গ্রহণ করবেন।
iv) চোরের একদিন, গৃহস্থের দশদিন।
v) কচি কচি প্রাণগুলো অকালে ঝরে গেল।
vi) তাহাকে ধর্মের পথে চলিতে হবে।
vii) তিনি অপমান হয়েছেন।
viii) অন্যায়ের প্রতি ন্যায়ের যুদ্ধ চিরন্তন।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
ধর্ম-মত-পথের বৈচিত্র্যতা একটি দেশের সৌন্দর্য। যেকোনো ধরনের বাড়াবাড়ি পারস্পারিক সম্প্রীতি নষ্ট করে। সকলে একসাথে প্রচেষ্টা চালিয়ে দেশকে সমৃদ্ধশালী করতে হবে। দুঃসময়ে ঐক্যবদ্ধ থেকে সকল কুচক্রীদের অপচেষ্টা নস্যাৎ করে দিতে হবে। এজন্য দেশের সার্থে সবাইকে কাজ করতে হবে।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Blocked, Vaccination, Regime, Manifesto, Justice, Dictator, Hostage, Impeachment, Principle, Ordinance, Farce, War-crime, Sabotage, Goods, Ethics.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Patriotism is love and passion for the country. It is a strong and complete selfless great emotion. A patriot can sacrifice his own life for the welfare of his country. It is such as idealism as gives courage and strength. But mere show of patriotism makes people narrow minded and selfish.

৮। (ক) একজন এইচএসসি পরীক্ষার্থীর পরীক্ষার আগের দিনের দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার এলাকার স্বাস্থ্যকেন্দ্রের অবস্থা সম্পর্কিত পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণের নিমিত্তে আর্থিক সাহায্য চেয়ে বন্ধুদের নিকট বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) দরিদ্র তহবিল থেকে সাহায্য চেয়ে অধ্যক্ষ বরাবর দরখাস্ত লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

ক্ষমা যেথা ক্ষীণ দুর্বলতা,
হে রুদ্র, নিষ্ঠুর যেন হতে পারি তথা
তোমার আদেশে। যেন রসনায় মম
সত্যবাক্য জ্বলি ওঠে খরখড়্গ সম
তোমার ইঙ্গিতে। যেন রাখি তব মান
তোমার বিচারাসনে লয়ে নিজ স্থান।
অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা তারে যেন তৃণসম দহে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
রাত যত গভীর হয়, প্রভাত তত নিকটে আসে।

১১। (ক) মনে কর, তুমি নাহিদ ও তোমার বন্ধু আসিফ। জুলাই বিপ্লবে তোমরা নেতৃত্ব দিয়েছ। এখন জুলাই বিপ্লব পরবর্তী তোমাদের ভাবনা সম্পর্কে কাল্পনিক সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'কর্মফল' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) স্বদেশপ্রেম;
(খ) একুশের চেতনা;
(গ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান;
(ঘ) বাংলাদেশের পোশাক শিল্প : সমস্যা ও সম্ভাবনা;
(ঙ) দেশ গঠনে নারীর ভূমিকা।

SURE SUCCESS

# খুলনা পাবলিক কলেজ

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ য-ফলা উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
আহ্বান, ঐশ্বর্য, চর্যাপদ, বিজ্ঞপ্তি, ঐকমত্য, চিহ্ন, অদ্বিতীয়, মর্যাদা।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
অধ্যায়ন, ইতিমধ্যে, উচ্ছাস, একত্রিত, কৌতুহল, দৌরাত্ম, বাল্মিকি, মরিচিকা।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
i) কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা।
ii) হে বন্ধু, বিদায়।
iii) অধিক ভোজন অনুচিত।
iv) বিপদ কখনো একা আসে না।
v) নাচতে না জানলে উঠান বাঁকা।
vi) সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু।
vii) বেশ, তাই হবে।
viii) চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে।"—উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
পঞ্চবটি, বনভোজন, পলান্ন, বাহুলতা, মধুমাখা, যথাসাধ্য, স্মৃতিসৌধ, তুষারশীতল।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যক? উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) শহিদের মৃত্যু নেই। (অস্তিবাচক)
ii) সদা সত্য কথা বলা উচিত। (অনুজ্ঞা)
iii) সূর্যোদয়ে পদ্মফুল ফোটে। (জটিল বাক্য)
iv) হৈমন্তী কোনো কথা বলিল না। (অস্তিবাচক)
v) সৎ লোকের ভয় নেই। (জটিল)
vi) দশ মিনিট পর ঘাটে নৌকা ভিড়ল। (যৌগিক)
vii) বিদ্বানকে সবাই শ্রদ্ধা করে। (প্রশ্নবাচক)
viii) যেমন কর্ম করবে তেমন ফল পাবে। (সরল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) বিরাট গরু-ছাগলের হাট।
ii) তিনি আদালতে মিথ্যা সাক্ষী দিয়েছেন।
iii) তার সৌজন্যতায় মুগ্ধ হলাম।
iv) দৈন্যতা প্রশংসনীয় নয়।
v) সব পাখিরা নীড় বাঁধে না।
vi) বিধি লঙ্ঘন হয়েছে।
vii) অন্যায়ের প্রতিফল দুর্নিবার্য।
viii) অপমান হবার ভয় নেই।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
ছেলেটি ভয়ানক মেধাবী ও বিনয়ী। তার মেধা পরিদর্শন করে সবাই মুগ্ধ। শিক্ষকবৃন্দরা মনে করেন, ভবিষ্যতে সে অসামান্য সাফল্যতা বয়ে আনবে, যা ইতিপূর্বে প্রতিষ্ঠানের কোন শিক্ষার্থীর পক্ষে সম্ভব হয়নি।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Acting, Biography, Fantasy, Bond, Hoarder, Deed, Fiction, Data, Campus, Dialect, Oath, Legend, Octave, Census, Nursery.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Human life is very short. But many people put off the work for tomorrow, they can do today. Men do not know what will happen tomorrow. So we must not spend a single moment in vain. To kill time is to shorter life. Remember that human life is nothing but the collection of moments.

৮। (ক) তোমার কলেজে নবীনবরণ উদযাপনের দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) তোমার দেখা বইমেলা সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) শিক্ষাসফরে যাওয়ার আমন্ত্রণ জানিয়ে বন্ধুর নিকট একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কোনো মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

একদা ছিল না জুতা চরণযুগলে
দহিল হৃদয় মম সেই ক্ষোভানলে।
ধীরে ধীরে চুপি চুপি দুঃখাকুল মনে
গেলাম ভজনালয়ে ভজন কারণে।
দেখি সেথা একজন পদ নাহি তার
অমনি জুতার খেদ ঘুচিল আমার।
পরের দুঃখের কথা করিলে চিন্তন
আপনার মনে দুঃখ থাকে কতক্ষণ।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
'দুর্নীতি জাতির সকল উন্নতির অন্তরায়।'

১১। (ক) '২৪-এর গণঅভ্যুত্থান নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ তৈরি কর। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণ করে একটি খুদে গল্প লেখ :
হঠাৎ করে বাবার অর্থনৈতিক অবস্থা খারাপ হয়ে যায়। লেখাপড়া চালিয়ে যাওয়ার জন্য ইমনকে একটা কোম্পানিতে চাকরি নিতে হয়...

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) বাংলাদেশের উন্নয়নে তথ্যপ্রযুক্তি;
(খ) দেশ গঠনে ছাত্রসমাজের ভূমিকা;
(গ) মাতা-পিতার প্রতি কর্তব্য;
(ঘ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার;
(ঙ) সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ বাংলাদেশ।

SURE SUCCESS

# ক্যান্টনমেন্ট কলেজ, যশোর

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) আদ্য-অ ধ্বনি উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
আবৃত্তি, বৈসাদৃশ্য, চিহ্ন, প্রণীত, ঐতিহ্য, আহ্বান, অকৃতজ্ঞ, পরীক্ষা।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অতৎসম শব্দের বানানের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
মুমুর্ষ, কুপমন্ডুক, সন্যাসি, পিপিলিকা, স্মরনার্থী, সমিপবর্তিনি, মাহাত্ত, উচ্ছাষ।

৩। (ক) বিশেষণ পদ কাকে বলে? সংজ্ঞা ও উদাহরণসহ বিভিন্ন প্রকার বিশেষণের পরিচয় দাও। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ নির্দেশ কর :
ভাঙা ছাতা নিয়ে হাঁটছে রাজেন্দ্র। রাজেন্দ্র স্কুলের সেকেন্ড মাস্টার। হঠাৎ আকাশ কালো মেঘে ছেয়ে গেল। ছাতা মাথায় ধরে বৃষ্টি ঠেকানোর বৃথা চেষ্টা করতে লাগল। একটা দমকা বাতাস তার ছাতা উড়িয়ে নিল। এই বৃষ্টিকে কানামেঘে বৃষ্টি বলে। ঘুটঘুটে অন্ধকার নেমে এলো। শঙ্কিত মনে চারিদিকে তাকাতে লাগল সে।

৪। (ক) "উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে।"—ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
গ্রামান্তর; চিরনিদ্রা; বাজিকর; মুখেভাত; চা-বিস্কুট; পুকুরভরা; তেপান্তর; চালকুমড়া।

SURE SUCCESS

৫। (ক) বাক্য কাকে বলে? অর্থ অনুসারে বাংলা বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) বিপদে ধৈর্য ধর। (নির্দেশাত্মক)
ii) জন্মভূমিকে সবাই ভালোবাসে। (নেতিবাচক)
iii) সে নির্বোধ এবং তাকে অত বুঝিয়ো না। (সরল)
iv) যদি পরিশ্রম কর, তাহলে ফল পাবে। (যৌগিক)
v) অচিরেই তাদের ভুল ভাঙবে না। (অস্তিবাচক)
vi) তোমার বয়স কম বলে ক্ষমা করলাম। (জটিল)
vii) আহ্! কী চমৎকার আজকের সকাল। (বিবৃতি)
viii) এবার আমার একটা অভিজ্ঞতা হলো, যা বিচিত্র। (সরল)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) তাহার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।
ii) শবপোড়া সম্পন্ন হল।
iii) সমগ্র প্রাণীকূল এ গ্রহের বাসিন্দা।
iv) ঘরের খেয়ে বনের বাঘ তাড়ানো ঠিক নয়।
v) গীতাঞ্জলী রবিন্দ্রনাথ ঠাকুর রচিত একটি গল্পগ্রন্থ।
vi) দারিদ্রতা আমাদের অভিশাপ।
vii) বিশ্বে বাংলা ভাষাভাষীর সংখ্যা প্রায় পঁচিশ কোটি।
viii) অপরাহ্ন লিখতে অনেকেরই ভুল হয়।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
ইদানিংকালে অনেক ছাত্ররা রাত জেগে বই পড়ে। তাই পড়াশোনায় তারা ভয়ানক মনোযোগী— এ বিষয়ে সুনিশ্চিত। কেবলমাত্র পাঠ্যক্রমিক পরীক্ষায়ই নয়, অন্যান্য সকল প্রতিযোগীতামূলক পরীক্ষায়ইও তাদের ফলাফল আশানুরূপ নয়। মূল বিষয়— রাত জেগে পড়লেই হবেনা সকল ছাত্রদের উচিত অনুধাবন করে পড়া।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Public work; Index; Boyscout; Vanue; Reform; Vocabulary; Initial; Witness; Corruption; Autonomous; Index; Mobile Court; Critisism; Acknowledgement; Savings account.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Many people put off for tomorrow the work they can do today. Students also very often put off their class lessons for tomorrow. Nothing is more injurious than this habit. Men do not know what will happen tomorrow. This is why it is wise to value the present moments to make our life meaningful. A lot of troubles and dangers may come and upset everything. So, we must not neglect our time, the flowing capital.

৮। (ক) দীর্ঘ সময় যানজটে আটকে পড়া বিষয়ে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) প্রযুক্তির নেতিবাচক প্রভাব সম্পর্কে সংবাদপত্রে উপস্থাপনের জন্য একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) কোনো ব্যবসায় প্রতিষ্ঠানে চাকরির জন্য একখানি আবেদনপত্র রচনা কর। ১০

অথবা, (খ) কুসঙ্গের সর্বনাশ সম্পর্কে ছোট ভাইকে একটি ই-মেইল বার্তা পাঠাও।

১০। (ক) সারাংশ লেখ : ১০
যে মনে উচ্চ আকাঙ্ক্ষা, উচ্চ আদর্শ নাই, সে মনে তেজও নাই। যে গাছে রোদ-বৃষ্টি লাগে না, তাহা আরামে থাকিতে পারে বটে, কিন্তু সে আরামে দুর্বলতা বাড়িয়া যায়। আমাদের জাতির মনে পার্থিব কোনো প্রকার উচ্চ আকাঙ্ক্ষা, রাজনীতি, রাষ্ট্রনীতির কোনো প্রবাহ নাই। এ জন্য আমাদের উচ্চ শিক্ষিত লোকদিগের মধ্যেও তেমন বিশেষ তেজ, সাহস বা প্রতিভা দেখা যায় না। এজন্য জাতিকে দেশপ্রেম এবং স্বাজাত্যবোধে উদ্বুদ্ধ করে তুলতে হবে। তাহলেই জাতির জীবনে আকাঙ্ক্ষা জাগ্রত হবে, জাতি তেজোদীপ্ত হয়ে উঠবে, সাহসী হয়ে উঠবে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
স্বদেশের উপকারে নেই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেই জন।

১১। (ক) মোবাইল ফোনের অপব্যবহার সম্পর্কে দুই বন্ধুর সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'মাদকের ছোবল' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) বিশ্ব উষ্ণায়ন এবং করণীয়;
(খ) তথ্য-প্রযুক্তির অগ্রযাত্রায় বাংলাদেশ;
(গ) মুক্তিযুদ্ধের চেতনা ও বর্তমান যুবসমাজ;
(ঘ) উন্নয়নের ধারায় বাংলাদেশ;
(ঙ) একুশের বইমেলা।

# সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ 'ব'-ফলা উচ্চারণের **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অধ্যক্ষ, বিজ্ঞাপন, চর্যাপদ, মর্যাদা, ব্রাহ্মণ, পদ্য, ষাণ্মাসিক, ব্যাখ্যা।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের নিয়মানুসারে অ-তৎসম শব্দের বানানের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
দারিদ্রতা, আকাংখা, প্রতিযোগীতা, পোষ্টমাষ্টার, বিভিষিকা, সমিচীন, গীতাঞ্জলী, পিপিলিকা।

৩। (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ বাংলা আবেগ শব্দের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :

i) <u>বিপদ</u> কখনো একা আসে না।
ii) সে আমার মনে আগুন জ্বালিয়ে <u>দিয়েছিল</u>।
iii) সীমার <u>মাঝে</u> অসীম তুমি।
iv) বাহ! কী সুন্দর দৃশ্য।
v) <u>নিপুণ</u> দক্ষতায় কাজটি শেষ হলো।
vi) কাজটা <u>ভালোভাবে</u> সম্পন্ন হয়েছে।
vii) <u>মোদের</u> গরব, মোদের আশা।
viii) <u>সবাই</u> রাঙামাটি যেতে চাইছে।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
দম্পতি, গৃহস্থ, কুসুমকোমল, রাজপথ, তপোবন, উর্ণনাভ, শতাব্দী, যুগান্তর।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :

i) যাদের বুদ্ধি নেই, তারাই এ কথা বিশ্বাস করবে। (সরল)
ii) দেশের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাসূচক)
iii) দৃশ্যটি বড়ই সুন্দর। (বিস্ময়সূচক)
iv) বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবাচক)
v) শিক্ষিত লোককে সবাই শ্রদ্ধা করেন। (জটিল)
vi) বিদ্বান হলেও তাঁর অহংকার নেই। (যৌগিক)
vii) মানুষ মরণশীল। (নেতিবাচক)
viii) শহিদদের মৃত্যু নেই। (অস্তিবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫

i) সব ছাত্ররা উপস্থিত আছে।
ii) বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র।
iii) একথা প্রমাণ হয়েছে।
iv) এটি লজ্জাস্কর ব্যাপার।
v) আমৃত্যু পর্যন্ত দেশের সেবা করে যাব।
vi) সূর্য উদয় হয়েছে।
vii) আমি এ ঘটনা চাক্ষুষ প্রত্যক্ষ করেছি।
viii) তার বৈমাত্রেয় সহোদর ডাক্তার।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
উদয়মান সূর্যকে সবাই সমীহ করে। অস্তমান সূর্যকে কেউ সমীহ করে না। নদীর জলে যে অস্তমান সূর্যের ছায়া পড়েছে তা দেখে আমি প্রীত হলাম। আমি প্রতিদিন নদীর কোলে বসি। নদীর হাওয়া সাস্তের পক্ষে ভালো।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Allotment, Book-post, Census, Diplomacy, Embargo, File, Hostage, Index, Public work, Memorandum, Legend, Sabotage, Subsidy, Reform, White paper.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
A good teacher is one of the most important people in our country. A good teacher makes lessons interesting. He also makes them confident and proves them clever. Everybody has something valuable in him. A good teacher discovers the treasure hidden inside each student.

৮। (ক) তোমার কলেজে বসন্ত বরণ উৎসব-এর একটি দিনলিপি প্রস্তুত কর। ১০

অথবা, (খ) দ্রব্যমূল্যের উর্ধ্বগতির কারণ এবং প্রতিকার বিষয়ে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) শিক্ষাসফরে যাওয়ার আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুকে বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারমর্ম লেখ : ১০

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে,
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্র রূপে তীব্র দুঃখ যদি আসে নেমে
বুক ফুলিয়ে দাঁড়াস।
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে,
উর্ধ্বে দু'হাত বাড়াস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
দুর্জন বিদ্বান হইলেও পরিত্যাজ্য।

১১। (ক) ফেসবুকের অতিরিক্ত ব্যবহারের কুফল সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) শীতকালীন অবকাশে গ্রামের বাড়িতে বেড়ানো বিষয়ে একটি খুদে গল্প লেখ।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০

(ক) সময়ের মূল্য;
(খ) পোশাক শিল্প ও বাংলাদেশ;
(গ) বিজ্ঞানের সুফল ও কুফল;
(ঘ) বাংলাদেশের পর্যটন শিল্প;
(ঙ) আধুনিক তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ।

# কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উচ্চারণ রীতি কাকে বলে? ব-ফলা উচ্চারণের **চারটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অনুষঙ্গী, মৃদঙ্গ, সমস্যা, কর্ণধার, ঐতিহ্য, উল্লাস, শ্রাবণ, যন্ত্রণা।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের তৎসম শব্দের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
অন্নপুর্না, দৃদর্শা, প্রানপুরুষ, নিরভ, উপযোগীতা, মহানির্বান, বিদুষি, দুর্গেষনন্দিনি।

৩। (ক) বিশেষ্য পদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
কোনো ভুল করেছি বুঝতে পারলেই আমি প্রাণ খুলে তা স্বীকার করে নেব। কিন্তু না বুঝেও নয়, ভয়েও নয়। ভুল করছি বা করেছি বুঝেও শুধু জেদের খাতিরে বা গোঁ বজায় রাখবার জন্যে ভুলটাকে ধরে থাকব না। তাহলে আমার আগুন সেই দিনই নিভে যাবে। একমাত্র মিথ্যার জলই এই শিখাকে নিভাতে পারবে। তাছাড়া কেউ নিভাতে পারবে না।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে'—ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
কষ্টিপাথর, বিষহরি, দড়িবাঁধা, অনশন, সোনার তরী, পদাঘাত, রাত্রি-দিন, দ্বীপান্তর।

৫। (ক) গঠন অনুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) মামার মন নরম হইল। (নেতিবাচক)
ii) না করিবার তো কোনো কারণ নাই। (অস্তিবাচক)
iii) তারা বাস করিতে থাকিলে পল্লির এত দুর্দশা হবে না। (জটিলবাক্য)
iv) দয়া করে সব খুলে বলুন। (যৌগিক)
v) যার মনে মিথ্যা সে-ই মিথ্যাকে ভয় পায়। (সরল)
vi) জোড়াতালি দিয়ে কোনো সমস্যারই সমাধান করা যায় না। (প্রশ্নবোধক)
vii) ভয়াবহ কাণ্ড। (বিস্ময়বোধক)
viii) অন্যায় কর না। (নির্দেশাত্মক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫
i) আজ আমার বয়স কেবলমাত্র সাতাশ।
ii) ওকালত করিয়া তিনি প্রচুর সংখ্যক টাকা রোজগার করিয়াছেন।
iii) সচ্ছন্দে ভিতরে ঢুকিয়া দেখি, ঘরের দরজা খোলা।
iv) ভুলের মধ্য দিয়ে গিয়েই সত্যকে পাওয়া যায়।
v) বাংলাদেশের মহৎ প্রতিভারা সবাই মানবিক চিন্তা ও আদর্শের উত্তরাধিকারি রেখে গেছেন।
vi) তার ও তখন বিসম অবস্থা।
vii) দরজার ছিটকিনি ও খিলগুলো সব বন্ধ।
viii) ইহার আবশ্যক নাই।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
নিরব ভায়ায় বৃক্ষ আমাদের সার্থকের গান শোনায়। অনুভূতির কান দ্বারা সে গান শুনিতে হবে। তাহলে বুঝতে পারা যাবে জীবনের মানে বৃদ্ধি, ধর্ম্মের মানেও তাই।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Agronomy, Instalment, Bullish, Calligraphist, Despatcher, Envoy, Felicitation, Germicide, His Excellency, Mandate, Navigability, Off-day, Pen-name, P.T.O., Vaccine.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
The idea of Machines replacing human beings sounds wonderful. It appears to save up from all the pain. But is it rally so exciting? Ideas like working wholeheartedly, with a sense of belonging, and with dedication have no existence in the world of artificial intelligence. Do you think robots can excel or even complete the human mind in creative thinking? The intuitive abilities that humans' posses, the way humans can judge based on previous knowledge, the inherent abilities that they have, cannot be replicated by machines. If robots begin to replace humans in every field, it will eventually lead to unemployment so, much empty time may result in its destructive use.

৮। (ক) ৫ আগস্টের বিজয় দিবস কীভাবে কাটিয়েছ তার একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে একটি সংবাদ প্রতিবেদন রচনা কর।

৯। (ক) মোবাইল ফোনের অপব্যবহারের ক্ষতিগুলো উল্লেখ করে বন্ধুদের প্রেরণের জন্য একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত করার উপায় সম্পর্কে পরামর্শ জানিয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম। হিন্দু মুসলমানের মিলনের অন্তরায় বা ফাঁকি কোনখানে তা দেখিয়ে দিয়ে এর গলদ দূর করা আমার এ পথের অন্যতম উদ্দেশ্য। মানুষ মানুষে যেখানে প্রাণের মিল, আদত সত্যের মিল, সেখানে ধর্মের বৈষম্য, কোনো হিংসার দুশমনির ভাব আনে না। যার নিজের ধর্মে বিশ্বাস আছে, যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না। দেশের পক্ষে যা মঙ্গলকর বা সত্য শুধু তাই লক্ষ্য করে এই আগুনের ঝাণ্ডা দুলিয়ে পথে বাহির হলাম।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন।

১১। (ক) জুলাই অভ্যুত্থান সম্পর্কে দুই বন্ধুর কথোপকথন রচনা কর। ১০

অথবা, (খ) 'অসময়ের বন্ধু প্রকৃত বন্ধু' শিরোনাম একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) কর্মমুখী শিক্ষা;
(খ) বৈশ্বিক উষ্ণায়ন ও বাংলাদেশ;
(গ) জাতীয় জীবনে দেশপ্রেমের গুরুত্ব;
(ঘ) ২৪-এর ছাত্র-জনতার অভ্যুত্থান;
(ঙ) তথ্যপ্রযুক্তি ও উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ।

# ইস্পাহানি ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)–দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) উদাহরণসহ বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
অধ্যক্ষ, নদী, ঐশ্বর্য, অদ্য, পদ্ম, আবৃত্তি, ঐক্য, শ্রবণ

২। (ক) বাংলা একাডেমি প্রণীত তৎসম শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
মুহুর্ত, প্রাণীবিদ্যা, গীতাঞ্জলী, স্বস্ত্রীক, সমিচীন, ইতিপূর্বে, বুদ্ধিজিবি, দারিদ্রতা।

৩। (ক) ক্রিয়াপদ কাকে বলে? কর্মপদ অনুসারে ক্রিয়াপদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে **পাঁচটি** বিশেষণ পদ চিহ্নিত কর :
তারপর প্রকাণ্ড সে বাড়িতে অপর্যাপ্ত আলো-বাতাস থাকলেও একটা গভীর ছায়া নেমে আসে। প্রথমে অবশ্য তাদের মাথায় খুন চড়ে। নানা রকম বিদ্রোহী ঘোষণা শোনা যায়। তারা যাবে না কোথাও, ঘরের খুঁটি ধরে পড়ে থাকবে; যাবে তো লাশ হয়ে যাবে। তবে মাথা শীতল হতে দেরি হয় না।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
আলুসিদ্ধ, চৌরাস্তা, নীলপদ্ম, আমরণ, একতারা, আশীবিষ, কাজলকালো, গৃহস্থ।

৫। (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্যের প্রকারভেদ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) তোমার দীর্ঘ জীবন কামনা করছি। (প্রার্থনাসূচক)
ii) আমার পথ দেখাবে আমার সত্য। (জটিল)
iii) তিনি ধনী হয়েও সুখী ছিলেন না। (যৌগিক)
iv) আমি সে দাসত্ব থেকে সম্পূর্ণ মুক্ত। (নেতিবাচক)
v) তারা নিয়মিত শিক্ষার্থী নয়। (অস্তিবাচক )
vi) দেশের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞা)
vii) দৃশ্যটি বড়ই সুন্দর। (বিস্ময়সূচক)
viii) যে পরিশ্রম করে সে সুখী হয়। (সরল )

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
i) বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ।
ii) মাদকাশক্তি ভালো নয়।
iii) এক অগ্রহায়ণে শীত যায় না।
iv) সব পাখিরা নীড় বাঁধে না।
v) তা অশ্রুজলে বুক ভেসে গেলো।
vi) এখানে প্রবেশ নিষেধ।
vii) অধ্যাপনাই ছাত্রদের তপস্যা।
viii) অন্যায়ের ফল দুর্নিবার্য।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
রাত জেগে ফেইসবুক দেখে অনেক ছাত্ররা নিজেদের শরীরের ক্ষতি করছে। এতে তারা যেমন মানসিক দৌর্বল্যতায় ভুগছে তেমনি পড়াশোনায় হচ্ছে অমনোযোগি। তাছাড়া আবশ্যকীয় প্রস্তুতির অভাবে কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করতে না পেরে অনেকে চোখে সর্ষে পুষ্প দেখছে।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Acknowledgement, Bail, Copyright, Galaxy, Hygiene, Lease, Interpreter, Horticulture, Manuscript, Oath, prepaid, Deed, Refugee, Venue, Encyclopedia.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Man is the architect of his own life. If he makes proper division of his time and does his duties accordingly, he is sure to prosper in life. But, if he does otherwise, he is sure to repent when it is too late and he will have to drag a miserable existence from day to day.

৮। (ক) জাদুঘর ভ্রমণ বিষয়ে একটি দিনলিপি লেখ। ১০

অথবা, (খ) সড়ক দুর্ঘটনা বেড়ে যাওয়ার কারণ ও প্রতিকার সম্পর্কে একটি প্রতিবেদন লেখ।

৯। (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) শিক্ষাসফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে অধ্যক্ষের কাছে একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
অভ্যাস ভয়ানক জিনিস– একে হঠাৎ স্বভাব থেকে তুলে ফেলা কঠিন। মানুষ হবার সাধনাতেও তোমাকে সহিষ্ণু হতে হবে। সত্যবাদী হতে চাও? তাহলে ঠিক কর, সপ্তাহে অন্তত একদিন মিথ্যা বলবে না। দুই মাস ধরে এমনি করে নিজে সত্য কথা বলতে অভ্যাস কর। তারপর এক শুভদিনে আরেকবার প্রতিজ্ঞা কর, সপ্তাহে তুমি দুই দিন মিথ্যা কথা বলবে না। এক বছর পর দেখবে সত্য কথা বলা তোমার কাছে অনেকটা সহজ হয়ে পড়েছে। সাধনা করতে করতে এমন একদিন আসবে যখন ইচ্ছা করলেও মিথ্যা বলতে পারবে না। নিজেকে মানুষ করার চেষ্টায় পাপ ও প্রবৃত্তির সঙ্গে তুমি সংগ্রামে হঠাৎ জয়ী হতে কখনো ইচ্ছা কর না– তাহলে সব পণ্ড হবে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
দুর্নীতি জাতীয় জীবনের অন্তরায়।

১১। (ক) 'দ্রব্যমূল্যের উর্ধ্বগতি ও জনজীবনে অসন্তোষ' শিরোনামে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রি নিয়ে আলতাফ চাকরির আশায় অনেক দিন চেষ্টা করেন। কিন্তু পদের চেয়ে প্রার্থী বেশি হওয়ার লড়াইয়ে চাকরি না পেয়ে গ্রামে ফিরে যান। এ সংকেত অবলম্বনে 'উদ্যোক্তা ও আত্ম কর্মসংস্থান' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) অধ্যবসায়;
(খ) মাদকাসক্তি ও তার প্রতিকার;
(গ) মানবকল্যাণে বিজ্ঞান;
(ঘ) সাম্প্রদায়িক সম্প্রীতি ও বাংলাদেশ;
(ঙ) জাতিগঠনে ছাত্রসমাজের ভূমিকা।

# কুমিল্লা সরকারি কলেজ

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

**ক বিভাগ (ব্যাকরণ)—৩০**

১। (ক) উদাহরণসহ বাংলা 'অ' ধ্বনি উচ্চারণের যেকোনো **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
নক্ষত্র, একাডেমি, ভবিষ্যৎ, শ্মশান, বিশ্বাস, সন্ধ্যা, প্রেতাত্মা।

২। (ক) বাংলা একাডেমী প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অতৎসম শব্দের **পাঁচটি** নিয়ম উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
আকাংখা, পিপিলিকা, শ্রমজীবি, ভৌগলিক, বাল্মিকি, ফটোষ্ট্যাট, শান্তনা, ইতিপূর্বে।

৩। (ক) বিশেষণের সংজ্ঞা দাও। উদাহরণসহ বিশেষণের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
i) অধিক ভোজন অনুচিত।
ii) আহা ছেলেটির মা-বাবা কেউ নেই।
iii) নিশীথ রাতে বাজছে বাঁশি।
iv) বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয়।
v) আজ সাদা মেঘে আকাশ ছেয়ে গেছে।
vi) মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন।
vii) কি অসহ্য! আর কতক্ষণ অপেক্ষা করব।
viii) সে কাজটি করে বাসায় যাবে।

৪। (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে'— ব্যাখ্যা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
চিরসুখী, উপকণ্ঠ, প্রগতি, নদীমাতৃক, ভবনদী, তেপান্তর, সৈন্যসামন্ত, নীলকণ্ঠ।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের গুণ বা বৈশিষ্ট্যগুলো উদাহরণসহ লেখ। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
i) কীর্তিমানের মৃত্যু নেই। (জটিল)
ii) দশ মিনিট পর ট্রেন এলো। (যৌগিক)
iii) সবাই তো সুখী হতে চায়। (প্রশ্নবোধক)
iv) পৃথিবী চিরস্থায়ী নয়। (অস্তিবাচক)
v) যারা জ্ঞানী তারাই উদার। (সরল)
vi) দেশের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাসূচক)
vii) এদেশ বড় বিচিত্র। (বিস্ময়বোধক)
viii) জন্মভূমিকে সবাই ভালোবাসে। (নেতিবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ : ৫
i) অশ্রুজলে তার বুক ভেসে গেল।
ii) আমি, তুমি ও তিনি আজ বাগানে যাবেন।
iii) বাংলাদেশ একটি উন্নতশীল রাষ্ট্র।
iv) কেহ খায় বিল ছেঁচে, কেহ খায় শিং।
v) নদীর জলে অস্তমান সূর্যের ছায়া পড়েছে।
vi) অন্যায়ের প্রতিফল দুর্নিবার।
vii) কীর্তিবাস বাংলা রামায়ন লিখেছেন।
viii) বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ :
বিদ্যান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর। জীবনে স্বার্থকতা লাভ করিতে হইলে পাঠে মনোযোগি হতে হইবে। দূরাবস্থা আকাঙ্খার অন্তরায়। দৈন্যতা প্রশংসনীয় নয়। এটি লজ্জাস্কর ব্যাপার।

**খ বিভাগ (নির্মিতি)—৭০**

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Realism, Initial, Decimal, Sanction, Leaflet, Irrigation, Note, Eye-wash, Urban, Cartoon, Democracy, Interim, Autonomous, Epitaph, Rank.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Reading book is a great habit. Books enrich the store of man's knowledge and give perfection of his life. It enriches the vocabulary and thus improves the writing skill. All developed nations read books. We are not yet so much interested in reading books. So from our childhood we should start reading books.

৮। (ক) তোমার কলেজে উদযাপিত নবীনবরণ অনুষ্ঠানের উপর একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) 'দ্রব্যমূল্যের উর্ধ্বগতি' বিষয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) শিক্ষাসফরের অনুভূতি জানিয়ে তোমার প্রবাসী বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ। ১০

অথবা, (খ) কলেজে বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের অনুমতি চেয়ে অধ্যক্ষের নিকট একটি আবেদনপত্র লেখ।

১০। (ক) সারাংশ লেখ : ১০
মানুষ-ধর্মই সবচেয়ে বড়ো ধর্ম। হিন্দু-মুসলমানের মিলনের অন্তরায় বা ফাঁকি কোনখানে তা দেখিয়ে দিয়ে এর গলদ দূর করা আমার এ পথের অন্যতম উদ্দেশ্য। মানুষে মানুষে যেখানে প্রাণের মিল, আদত সত্যের মিল সেখানে ধর্মের বৈষম্য, কোনো হিংসার দুশমনির ভাব আনে না। যার নিজের ধর্মে বিশ্বাস আছে, যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
প্রয়োজনে যে মরিতে প্রস্তুত, বাঁচিবার অধিকার তারই।

১১। (ক) 'ফেসবুকের সুফল ও কুফল' সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) 'মাদকাসক্তির কুফল' শিরোনামে একটি খুদে গল্প রচনা কর।

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
(ক) শিষ্টাচার;
(খ) বাংলাদেশের পর্যটন শিল্প: সমস্যা ও সম্ভাবনা;
(গ) সাম্প্রদায়িক সম্প্রীতি ও বাংলাদেশ;
(ঘ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান ও প্রযুক্তি;
(ঙ) একুশের চেতনা ও বর্তমান বাংলাদেশ।

# চট্টগ্রাম কলেজ

সময় : ৩ ঘণ্টা **বাংলা (আবশ্যিক)—দ্বিতীয় পত্র** পূর্ণমান : ১০০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষার মিশ্রণ দূষণীয়]

## ক বিভাগ (ব্যাকরণ)—৩০

১। (ক) বাংলা উচ্চারণে 'অ' কখন 'ও'-রূপে উচ্চারিত হয়? উদাহরণসহ **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের উচ্চারণ লেখ :
আবৃত্তি, অনিঃশেষ, স্মর্তব্য, গ্রীষ্মকাল, সংগ্রহ, প্রথম, অসীম, শ্রবণ।

২। (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে অতৎসম শব্দের যেকোনো **পাঁচটি** নিয়ম লেখ। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের শুদ্ধ বানান লেখ :
অনুসূয়া, শিরোচ্ছেদ, স্বরস্বতী, পৈত্রিক, মুমুর্ষ, শান্তনা, প্রোজ্জ্বলন, সায়ত্তশাসন।

৩। (ক) উদাহরণসহ বিশেষণ পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

অথবা, (খ) নিম্নরেখ যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্দেশ কর :
- i) সিক্ত নীলাম্বরী।
- ii) তিনটি ফুল আর অনেক পাতা।
- iii) অধিক ভোজন অনুচিত।
- iv) ট্রেনটা এখনই এসে পড়বে।
- v) শাবাশ! দারুণ খেলছে আমাদের ছেলেরা।
- vi) পড়ন্ত বিকেলে হাঁটতে ভালো লাগে।
- vii) বিপদ কখনো একা আসে না।
- viii) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।

৪। (ক) উপসর্গ কাকে বলে? উপসর্গের প্রয়োজনীয়তা আলোচনা কর। ৫

অথবা, (খ) নিচের যেকোনো **পাঁচটি** শব্দের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ :
নীপবৃক্ষ, উপকণ্ঠ, অগ্রজ, অগ্নিমূর্তি, চতুরঙ্গ, মৃগনয়না, একমাত্র, চন্দ্রসূর্যগ্রহতারা।

৫। (ক) অর্থানুসারে বাক্যের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর। ৫

অথবা, (খ) বাক্য রূপান্তর কর (যেকোনো **পাঁচটি**) :
- i) আজ আমার বয়স সাতাশ মাত্র। (জটিল)।
- ii) নদীটি খুব সুন্দর। (বিস্ময়সূচক)
- iii) যদিও গুণী ছেলেরা সারাদিন অনলাইনে থাকে, তবুও তারা লেখাপড়া করে। (সরল)
- iv) বিদ্যাসাগর বাংলা গদ্যের জনক। (প্রশ্নবোধক)
- v) ভালোবাসার দানে কোনো অপমান নেই। (অস্তিবাচক)
- vi) স্বাস্থ্যের প্রতি যত্নশীল হওয়া উচিত। (অনুজ্ঞাসূচক)
- vii) কাজটি তুমিই করবে। (নির্দেশাত্মক)
- viii) উন্নতি পরিশ্রম সাপেক্ষ। (নেতিবাচক)

৬। (ক) নিচের যেকোনো **পাঁচটি** বাক্য শুদ্ধ করে লেখ : ৫
- i) অভাবগ্রস্থ ছাত্রটি দূরাবস্থার কথা বর্ণনা করল।
- ii) তিনি স্বস্ত্রীক বেরাতে আসিলেন।
- iii) ছেলেটি ভয়ানক মেধাবি।
- iv) আসছে আগামীকাল কলেজ বন্ধ থাকবে।
- v) সব পাখিরা নীড় বাঁধে না।
- vi) আমরা তার বিদেহী আত্মার শান্তি কামনা করছি।
- vii) অধ্যাপনাই ছাত্রদের তপস্যা।
- viii) প্রয়াত কবিকে আমরা সবাই অশ্রুজলে বিদায় দিলাম।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :
দারিদ্র্যতা আজ আর বাংলাদেশের প্রধান সমস্যা নয়। আমাদের দেশ এখন সমৃদ্ধশালী। কেবলমাত্র দুর্নীতিই আমাদের প্রধান অন্তরায়। এজন্য জাতীয় জীবনের সর্বক্ষেত্রে কৃচ্ছতা সাধন প্রয়োজন। প্রয়োজন দলমত নির্বিশেষ সখ্যতা।

## খ বিভাগ (নির্মিতি)—৭০

৭। (ক) যেকোনো **দশটি** শব্দের পারিভাষিক রূপ লেখ : ১০
Mercury, Hypocrisy, Hygiene, Out-post, Optional, Quata, Sanction, Justice, Feudal, Chancellor, Dead letter, Deputation, Acknowledgement, Lease, Cold war.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর :
Punctuality is to be cultivated and formed into a habit. This quality is to be acquired through all our works from our boyhood. Boyhood is the seed-time. The habit formed at this time will continue all through our life. Everything at the right time should be our motto.

৮। (ক) কলেজের প্রথম দিনের বর্ণনা দিয়ে একটি দিনলিপি রচনা কর। ১০

অথবা, (খ) তোমার কলেজের গ্রন্থাগার সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি কর।

৯। (ক) সড়ক দুর্ঘটনায় আহত মুমূর্ষু রোগীর জন্য জরুরি রক্তের প্রয়োজন— এ বিষয়ে বন্ধুকে একটি ই-মেইল পাঠাও। ১০

অথবা, (খ) একটি বেসরকারি বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদের জন্য একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ : ১০
জীবনের একটি প্রধান লক্ষণ হাসি ও আনন্দ। যার প্রত্যেক কাজে আনন্দ, স্ফূর্তি— তার চেয়ে সুখী আর কেউ নয়। যে জীবনের পুরোপুরি আনন্দ ভোগ করতে জানে আমি তাকে বরণ করি। কারণ, স্থূল দৈনন্দিন কাজের ভেতর সে এমন একটা কিছুর সন্ধান পেয়েছে যা তার নিজের জীবনকে সুন্দর ও শোভনীয় করেছে এবং পরিপার্শ্বসহ দশজনের জীবনকে উপভোগ্য করে তুলেছে। এই যে এমন একটা জিনিসের সন্ধান, যার ফলে সংসারকে মরুভূমি বলে বোধ না হয়ে ফুলবাগান বলে মনে হয়। সেই সন্ধান সকলের মেলে না। যার মেলে সে পরম ভাগ্যবান, এইরূপ লোকের সংখ্যা যেখানে বেশি সেখান থেকে কলুষ বর্বরতা আপনা-আপনি দূরে পালায়। সেখানে প্রেম, পবিত্রতা সর্বদা বিরাজ করে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর :
সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই।

১১। (ক) সড়ক দুর্ঘটনার কারণ ও প্রতিকার সম্পর্কে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা কর। ১০

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ অবলম্বনে শিরোনামসহ একটি খুদে গল্প লেখ :
নীল উন্মুক্ত আকাশ ঢেকে গেছে নগরে। সূর্যের আলোর যেন বড়ই অভাব----

১২। যেকোনো **একটি** বিষয় অবলম্বনে প্রবন্ধ লেখ : ২০
- (ক) শিষ্টাচার;
- (খ) যুদ্ধ নয় শান্তি;
- (গ) ইন্টারনেট : প্রযুক্তি আশীর্বাদ না অভিশাপ;
- (ঘ) দুর্নীতি : উন্নয়নের অন্তরায়;
- (ঙ) পরিবেশ সুরক্ষায় সবুজায়ন।